# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Falgun 20, 1432 Bangla, March 05, 2026, Thursday, No. 64, 56th year

# H I G H L I G H T S

Iran expects Bangladesh, as a member country of the OIC and NAM, will directly condemn the aggressive attacks on Iran. (Jago FM: 12)

The Ambassador of the Islamic Republic of Iran to Bangladesh Jalil Rahimi Jahanabadi has informed Bangladeshi students residing in Iran have been evacuated to a safe place. (Jago FM: 12)

US-Bangla Airlines has taken an initiative to operate two special flights on the Dhaka-Dubai-Dhaka route to bring back Bangladeshis stranded in the United Arab Emirates. (BBC: 05)

US Defense Secretary Pete Hegseth says a US submarine sank an Iranian warship in the Indian Ocean with a torpedo; at least 80 have been killed. (BBC: 05 & 08)

A senior adviser to late Supreme Leader Ali Khamenei has said Iran will not negotiate with the US and is ready to “continue the war”. (BBC: 04)

The Israel Defense Forces say they have attacked the Presidential Office, the Supreme National Security Council and the state-run media building in Iran. (NHK: 09)

Prime Minister Tarique Rahman has directed to initiate the introduction of an "e-health card" to ensure healthcare services for all citizens. (Jago FM: 11)

Home Minister Salahuddin Ahmed has ordered the police to prepare comprehensive lists of criminals and extortionists across the country and take legal action. (DW: 10)

Bangladesh Financial Intelligence Unit has sought the bank account details of Asif Mahmud Sajeeb Bhuiyan, a former adviser to the interim government and NCP spokesperson. (DW: 10)

Two people have been killed on the spot in a mob lynching by locals in Munshiganj over accusations of stealing electrical wires. (Jago FM: 13)

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২০, বাংলা ১৪৩২, মার্চ ০৫, ২০২৬, বৃহস্পতিবার, নং- ৬৪, ৫৬তম বছর**

# শিরোনাম

ওআইসি ও ন্যাম সদস্য দেশ হিসেবে বাংলাদেশ ইরানে আগ্রাসী হামলাকারীদের সরাসরি নিন্দা করবে- এমন প্রত্যাশা ব্যক্ত করেছে ইরান। (জাগো এফএম: ১২)

ইরানে অবস্থানরত বাংলাদেশি শিক্ষার্থীদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ইরানি রাষ্ট্রদূত জলিল রহিমি জাহনাবাদি। (জাগো এফএম: ১২)

সংযুক্ত আরব আমিরাতে আটকে পড়া বাংলাদেশিদের দেশে ফিরিয়ে আনার লক্ষ্যে ঢাকা-দুবাই-ঢাকা রুটে দু'টি বিশেষ ফ্লাইট পরিচালনা করবে ইউএস-বাংলা। (বিবিসি: ০৫)

যুক্তরাষ্ট্রের ভারত মহাসাগরে টর্পেডো দিয়ে ইরানি যুদ্ধজাহাজ ডোবানোর কথা জানিয়েছে দেশটির প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ; অন্তত ৮০ জন নিহত হয়েছেন। (বিবিসি: ০৫ ও ০৮)

যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা নয়, দীর্ঘ যুদ্ধের জন্য প্রস্তুত ইরান --- বলেছেন ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির একজন উপদেষ্টা । (বিবিসি: ০৪)

ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী জানিয়েছে, ইরানের প্রেসিডেন্টের কার্যালয়, সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদ এবং রাষ্ট্র পরিচালিত সংবাদ ভবনে হামলা চালিয়েছে। (এনএইচকে: ০৯)

জনগণের চিকিৎসাসেবা নিশ্চিত করতে 'ই-হেলথ' কার্ড চালুর নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১১)

চাঁদাবাজ ও অস্ত্রধারী সন্ত্রাসীদের তালিকা প্রস্তুত করে আইনানুগ ব্যবস্থা নিতে পুলিশকে নির্দেশ দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। (ডয়েচে ভেলে: ১০)

এনসিপি মুখপাত্র ও অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়ার ব্যাংক সংক্রান্ত বিস্তারিত তথ্য চেয়েছে বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট। (ডয়েচে ভেলে: ১০)

মুন্সিগঞ্জে বৈদ্যুতিক তার চুরির অপবাদে স্থানীয়দের গণপিটুনিতে ঘটনাস্থলেই দুজন নিহত হয়েছেন। (জাগো এফএম: ১৩)

# বিবিসি

## সন্দেহভাজন ১০ আইআরজিসি স্পাই গ্রেফতারের দাবি কাতারের

ইসলামিক রেভুলিউশনারি গার্ড কর্পসের হয়ে কাজ করা "দুইটি চক্রকে সফলভাবে গ্রেফতার" করা হয়েছে বলে দাবি করেছে কাতার। বুধবার ভোরে তাদের গ্রেফতার করা হয়েছে বলে জানিয়েছে কাতারের রাষ্ট্রীয় বার্তা সংস্থা। এই সংবাদ সংস্থা জানিয়েছে, সন্দেহভাজনদের মধ্যে সাতজনকে "দেশের গুরুত্বপূর্ণ ও সামরিক অবকাঠামো সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য গুপ্তচরবৃত্তির দায়িত্ব দেয়া হয়েছিল।" "ড্রোন ব্যবহারের প্রশিক্ষণের দায়িত্ব দেওয়া হয়েছিল" বলে বাকি তিনজনের বিরুদ্ধে অভিযোগ রয়েছে। রাষ্ট্রীয় সংবাদ সংস্থা জানিয়েছে, "জিজ্ঞাসাবাদের সময় গ্রেফতারকৃত ব্যক্তিরা ইসলামিক রেভুলিউশনারি গার্ড কর্পসের সাথে নিজেদের সম্পর্কের কথা স্বীকার করেছে এবং জানিয়েছে তাদের গুপ্তচরবৃত্তি ও নাশকতামূলক কর্মকাণ্ড চালানোর দায়িত্ব দেওয়া হয়েছিল।"

(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## প্রসিকিউশনের আবেদনের প্রেক্ষিতে মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ঘোষণা স্থগিত

জুলাই গণঅভ্যুত্থানের সময় ঢাকার রামপুরায় কার্নিশে ঝুলে থাকা তরুন আমির হোসেনকে গুলি করাসহ দুইজনকে হত্যার ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ঘোষণা করা থেকে সরে এসেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। বুধবার এই মামলাটির রায়ের দিন ধার্য ছিল। কিন্তু সকালে প্রসিকিউশন পক্ষ এই মামলায় নতুন করে সাক্ষ্য-প্রমাণ দেওয়ার জন্য আবেদন করে ট্রাইব্যুনালে। চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম পরে সাংবাদিকদের জানান, "এই মামলায় নতুন করে বেশ কিছু প্রমাণ হাতে আসায় চার সপ্তাহ সময় আবেদন করা হয়েছে। রায় স্থগিত রাখার আবেদন করা হয়েছে।" তিনি জানান, এই মামলার আসামি চঞ্চল চন্দ্র সরকার রামপুরায় কার্নিশে ঝুলে থাকা আমির হোসেনকে কিভাবে গুলি করেছে এই সংক্রান্ত তার নিজের একটি ভিডিও বক্তব্য প্রসিকিউশনের হাতে এসেছে যা মামলায় থাকা দরকার। গত ১৫ই ফেব্রুয়ারি এই মামলার বিচার শেষে রায় ঘোষণার দিন ঠিক করে ট্রাইব্যুনাল। এই মামলাটিতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সাবেক কমিশনার হাবিবুর রহমানসহ পাঁচজন আসামি। অন্য আসামিরা হলেন, খিলগাঁও জোনের সাবেক অতিরিক্ত উপ-কমিশনার মো. রাশেদুল ইসলাম, রামপুরা থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মশিউর রহমান, সাবেক উপ-পরিদর্শক তরিকুল ইসলাম ভুঁইয়া এবং রামপুরা পুলিশ ফাঁড়ির তৎকালীন এএসআই চঞ্চল চন্দ্র সরকার। আসামিদের মধ্যে শুধু চঞ্চল চন্দ্র সরকার গ্রেফতার হয়ে কারাগারে রয়েছেন।

(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## কাতারে ইউএস বিমান ঘাঁটিতে ইরানের ক্ষেপণাস্ত্র হামলা

কাতারকে লক্ষ্য করে ইরান দুইটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে বলে জানিয়েছে কাতারের প্রতিরক্ষা মন্ত্রণালয়। এর মধ্যে একটি ক্ষেপণাস্ত্র কাতারের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা প্রতিহত করেছে এবং আরেকটি ইউএস বিমান ঘাঁটি আল উবেইদ থেকে প্রতিহত করা হয়েছে বলে জানিয়েছে কাতারের প্রতিরক্ষা মন্ত্রণালয়। আল উবেইদ বিমান ঘাঁটি মধ্যপ্রাচ্যে তাদের সবচেয়ে বড় ঘাঁটি। তবে, কোন হতাহতের খবর জানায়নি কাতার।

(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সকাল ৯টায় অফিসে থাকা বাধ্যতামূলক : পরিপত্র জারি

সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের প্রতিদিন সকাল নয়টা থেকে নয়টা ৪০ মিনিট পর্যন্ত বাধ্যতামূলকভাবে নিজ নিজ অফিসে অবস্থানের নির্দেশ দিয়ে পরিপত্র জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। সোমবার মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি স্বাক্ষরিত এক পরিপত্রে এই নির্দেশনা দেওয়া হয়। বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এ খবর প্রকাশ করেছে। পরিপত্র থেকে জানা যায়, কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে কর্মকর্তা - কর্মচারীরা অফিসে আসার পথে দাপ্তরিক বা ব্যক্তিগত বিভিন্ন কাজে (যেমনঃ সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অতিথি বক্তা হিসেবে অংশগ্রহণ কিংবা ব্যাংক, হাসপাতাল ও বিদ্যালয়ে যাওয়া) ব্যস্ত হয়ে পড়েন। এর ফলে তারা নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত থাকেন না। এই অবস্থায়, জনসেবা নিশ্চিত ও দাপ্তরিক কাজে গতি আনতে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা-কর্মচারীকে সকাল ৯টা থেকে ৯টা ৪০ মিনিট পর্যন্ত অবশ্যই নিজ অফিস কক্ষে থাকতে হবে। দাপ্তরিক অন্যান্য কর্মসূচিও এমনভাবে সাজাতে হবে যাতে এই সময়টুকু বিঘ্নিত না হয়। পরিপত্রে জানানো হয়, 'সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯' এবং 'সচিবালয় নির্দেশমালা, ২০২৪' অনুযায়ী সকল সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের নির্ধারিত সময়ে অফিসে আসা ও যাওয়া বাধ্যতামূলক।

যেসব ক্ষেত্রে এই নিয়ম শিথিল থাকবেঃ

তবে কিছু ক্ষেত্রে এই নিয়ম কার্যকর হবে না। যেমন- শিক্ষা বা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ও অনুষদ সদস্য যারা প্রশাসনিক দায়িত্বে নেই। এছাড়া হাসপাতাল, জেলখানা, সংবাদ মাধ্যম বা নিরাপত্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যারা রোস্টার ডিউটি করেন, তাদের ক্ষেত্রেও এই সময়সীমা প্রযোজ্য হবে না। জরুরি গ্রাহকসেবায় সরাসরি সম্পৃক্ত এবং মাঠপর্যায়ে দায়িত্ব পালনকারী আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদেরও এই নিয়মের বাইরে রাখা হয়েছে। পরিপত্রে আরও বলা হয়, ভিভিআইপি বা ভিআইপি প্রটোকল প্রদান, আকস্মিক বড় দুর্ঘটনা মোকাবিলা, উন্নয়ন

সহযোগী বা কূটনৈতিক মিশনের সঙ্গে অতি গুরুত্বপূর্ণ সভা এবং অনুমোদিত সরকারি সফরের ক্ষেত্র ছাড়া কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে কর্মস্থল ত্যাগ করা যাবে না। দাপ্তরিক কাজ ছাড়া অফিস চলাকালীন সময়ে অফিস ত্যাগ না করার নির্দেশ দিয়ে বলা হয়েছে, এই পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

**যিনি খামেনির স্থলাভিষিক্ত হন না কেন তাকেই লক্ষ্যবস্তু করা হবে: ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী**

ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ বলেছেন, যিনি ইরানের নেতা আয়াতুল্লাহ আলী খামেনির স্থলাভিষিক্ত হবেন তাকেই লক্ষ্যবস্তু করা হবে। "ইরানের এই সন্ত্রাসী সরকার যাকে পরবর্তী নেতা হিসেবে বেছে নিক না কেন, যদি তাদের লক্ষ্য হয় ইসরায়েল ধ্বংস করা, যুক্তরাষ্ট্র বা মুক্ত বিশ্বকে হুমকি দেওয়া কিংবা ইরানের জনগণকে দমন করা, তবে সেই ব্যক্তি যেখানেই লুকিয়ে থাকুক না কেন, তাকে লক্ষ্যবস্তু করে নির্মূল করা হবে" বলেন তিনি। যুক্তরাষ্ট্র ও ইসরায়েল শনিবার হামলা শুরুর প্রথম দিনেই নিজের বাসভবনে নিহত হন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি। নেতৃত্ব নির্বাচনে ভোটের খবর শোনা গেলেও ইরান এখনো আনুষ্ঠানিকভাবে খামেনির উত্তরসূরীর নাম ঘোষণা করেনি। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

**ট্রাম্প আলোচনাকে 'রিয়েল এস্টেট লেনদেন' হিসেবে দেখেছেন : ইরানের পররাষ্ট্রমন্ত্রী**

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প "হিংসার বশবর্তী হয়ে আলোচনার টেবিলেই কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করেছেন" বলে মন্তব্য করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। সামাজিক যোগাযোগ মাধ্যমে এক নতুন পোস্টে মি. আরাঘচি লিখেছেন, "পারমাণবিক আলোচনার মতো জটিল বিষয়কে যখন কোনো রিয়েল এস্টেট ব্যবসার (জমি কেনাবেচা) মতো দেখা হয় এবং বড় বড় মিথ্যা যখন বাস্তবতাকে আড়াল করে ফেলে, তখন অবাস্তব প্রত্যাশাগুলো কখনোই পূরণ হয় না"। এর ফলাফল উল্লেখ করতে তিনি লিখেছেন, "ফলাফল? হিংসার বশবর্তী হয়ে আলোচনার টেবিলেই কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করা"। ট্রাম্প "কূটনৈতিক সম্পর্ক এবং যারা তাকে নির্বাচিত করেছে সেই আমেরিকানদের সাথে প্রতারণা করেছেন" বলেও লিখেছেন আরাঘচি।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

**যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা নয়, দীর্ঘ যুদ্ধের জন্য প্রস্তুত ইরান: খামেনির উপদেষ্টা**

ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির একজন উপদেষ্টা বুধবার বলেছেন, দেশটি "যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা করার কোনো ইচ্ছা রাখে না এবং দীর্ঘ যুদ্ধের জন্য প্রস্তুত"। মোহাম্মদ মোখবার ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া এক বিবৃতিতে বলেন, "আমাদের আমেরিকানদের ওপর কোনো আস্থা নেই এবং তাদের সাথে আলোচনার কোনো ভিত্তি নেই। আমরা চাইলে যতদিন খুশি যুদ্ধ চালিয়ে যেতে পারব"।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

**চাঁদাবাজ ও সন্ত্রাসীদের তালিকা তৈরি করে আইনের আওতায় আনা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

চাঁদাবাজ ও সন্ত্রাসীদের তালিকা তৈরি করে আইনের আওতায় আনা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি আজ দুপুরে ডিএমপি সদর দপ্তরে উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভা শেষে প্রেস ব্রিফিংয়ে এ কথা জানান। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমি দুইটা বিষয়ে অনুশাসন দিয়েছি। এর মধ্যে একটি হচ্ছে - আমরা চাঁদাবাজদের তালিকা প্রস্তুত করব এবং সেই হিসেবে তাদের আইনের আওতায় নিয়ে আসবো। অপরটি হচ্ছে -যারা অস্ত্রধারী সন্ত্রাসী, দাগী আসামী, যারা সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করছে তাদের একটি স্বচ্ছ তালিকা প্রণয়ন করা হচ্ছে। তালিকা অনুযায়ী তাদের আইনের আওতায় নিয়ে আসবো। তিনি বলেন, এই প্রক্রিয়া ঢাকা থেকে শুরু হবে। সারাদেশেই চাঁদাবাজ ও অস্ত্রধারী, দাগি আসামিদের নির্মোহ তালিকা করে অভিযান পরিচালনা করবে আইনশৃঙ্খলা বাহিনী। এ ব্যাপারে কোন ছাড় দেয়া হবে না। সবকিছু আইনের গতিতে চলবে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

**শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় দুই চিকিৎসকের নিবন্ধন স্থগিত করলো বিএমডিসি**

খতনার জন্য অজ্ঞান করার পর শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় দুইজন চিকিৎসকের রেজিস্ট্রেশন ছয় মাসের জন্য স্থগিত করেছে বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি)। এ প্রসঙ্গে শিশুর বাবা শামীম আহমেদ আজ বিবিসি বাংলাকে বলেছেন, "আমার ছেলের মৃত্যুর ঘটনায় অবশেষে একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে। যদিও আমার সন্তানের জীবন আর ফিরে আসবে না, তবুও এই সিদ্ধান্ত প্রমাণ করে যে সত্য একদিন প্রকাশিত হয়। আমি বিশ্বাস করি, পূর্ণাঙ্গ তদন্ত ও বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে একদিন সম্পূর্ণ ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে।" খতনা করানোর জন্য ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর একমাত্র ছেলে আয়ান আহমেদকে ঢাকার সাতারকুলে অবস্থিত ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যান শামীম আহমেদ। সেখানে অ্যানেসথেসিয়া দেওয়ার পর আর জ্ঞান ফেরেনি সাড়ে পাঁচ বছর বয়সী শিশুটির। ভুল চিকিৎসা ও হাসপাতালের অবহেলার কারণেই আয়ানের অকালমৃত্যু হয়েছে বলে তখন অভিযোগ করেছিলেন তিনি। ওইসময় এ নিয়ে বিবিসি বাংলা 'খতনা করাতে গিয়ে শিশু আয়ান মারা গেল কেন, পরিবার যা বলছে' শীর্ষক এই প্রতিবেদনটি প্রকাশ করেছিলো। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## বাংলাদেশিদের ফিরিয়ে আনতে ঢাকা-দুবাই রুটে দু'টি বিশেষ ফ্লাইট

সংযুক্ত আরব আমিরাতে আটকে পড়া বাংলাদেশিদের দেশে ফিরিয়ে আনার লক্ষ্যে ঢাকা-দুবাই-ঢাকা রুটে দু'টি বিশেষ ফ্লাইট পরিচালনা করবে ইউএস-বাংলা। খবর রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-এর। আজ বুধবার প্রথম ফ্লাইটটি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সন্ধ্যা ৭টা ২০ মিনিটে দুবাইয়ের উদ্দেশে ছেড়ে যাবে। একই ফ্লাইট দুবাই থেকে স্থানীয় সময় রাত ১২টা ২০ মিনিটে ঢাকার উদ্দেশে রওনা হবে। বৃহস্পতিবার, অপর বিশেষ ফ্লাইটটি ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিকেল ৫টা ১৫ মিনিটে দুবাইয়ের উদ্দেশে উড়বে; একই ফ্লাইট দুবাই থেকে স্থানীয় সময় রাত ১০টায় ঢাকার উদ্দেশে রওনা হবে। দুবাই এয়ারপোর্ট অথরিটি সার্বিক পরিস্থিতি বিবেচনায় ইউএস-বাংলা এয়ারলাইন্স, এমিরেটস, এয়ার ইন্ডিয়াসহ কয়েকটি এয়ারলাইন্সকে বিশেষ ফ্লাইট পরিচালনার অনুমতি দিয়েছে। যেসব বাংলাদেশি যাত্রীদের ভিসার মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে অথবা শিগগিরই শেষ হতে যাচ্ছে; তাদের অগ্রাধিকার ভিত্তিতে ভ্রমণের সুযোগ দেওয়া হবে। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে কর্মচারীর ছুরির আঘাতে নারী শিক্ষকের মৃত্যুর অভিযোগ

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে কর্মচারীর ছুরির আঘাতে এক নারী শিক্ষকের মৃত্যুর অভিযোগ উঠেছে। নিহত শিক্ষক আসমা সাদিয়া রুনা, বিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ বিভাগের সহকারী অধ্যাপক এবং বিভাগীয় চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছিলেন। বুধবার বিকেলে নিজ অফিস থেকেই তার রক্তাক্ত দেহ উদ্ধার করে পুলিশ। এই ঘটনায় ফজলুর নামে ওই বিভাগের এক সাবেক চুক্তিভিত্তিক কর্মচারীকেও আহত অবস্থায় উদ্ধার করা হয়। বিবিসি বাংলাকে বিষয়টি নিশ্চিত করেছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রক্টর মো. শাহিনুজ্জামান। তবে আসলে কী ঘটনা ঘটেছে সেটি নিশ্চিত করতে পারেননি তিনি। মি. শাহিনুজ্জামান জানান, বিভাগে চুক্তিভিত্তিক কর্মচারী হিসেবে কর্মরত ছিল ওই কর্মচারী। ক'দিন আগেই তাকে অন্য বিভাগে পাঠানো হয়েছিল।"বিকেলে ম্যাডামের অফিস থেকে এই দুজনকে উদ্ধার করা হয়। পরে পুলিশ এসে তাদেরকে কুষ্টিয়া সদর হাসপাতালে পাঠায়," বলেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## ভারত মহাসাগরে টর্পেডো দিয়ে ইরানি যুদ্ধজাহাজ ডোবানোর দাবি যুক্তরাষ্ট্রের

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন যে, ভারত মহাসাগরে যুক্তরাষ্ট্র "একটি ইরানি যুদ্ধজাহাজকে ডুবিয়ে দিয়েছে, যা আন্তর্জাতিক জলসীমায় নিজেকে নিরাপদ মনে করেছিল"। তিনি বলেন, "জাহাজটি টর্পেডো দিয়ে ডুবিয়ে দেওয়া হয়েছে"। কোন ইরানি জাহাজটি লক্ষ্যবস্তু করা হয়েছিল তা উল্লেখ করেননি হেগসেথ। তবে এর আগে শ্রীলঙ্কার নৌবাহিনী জানিয়েছে যে 'আইআরআইএস দেনা' নামের জাহাজটি ভারত মহাসাগরে ডুবে গেছে এবং সেখানে প্রায় ১৪০ জন আরোহী নিখোঁজ রয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## জুলাই সনদ কি রাজনীতিতে বড় ইস্যু হয়ে উঠতে যাচ্ছে

বাংলাদেশে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ ও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ এবং গণভোট অধ্যাদেশের বৈধতা প্রশ্নে হাইকোর্টের রুল জারির পর এটিই আগামী দিনে বড় রাজনৈতিক ইস্যু হয়ে উঠতে যাচ্ছে কি না সেই কৌতূহল তৈরি হয়েছে অনেকের মধ্যে। জাতীয় সংসদ নির্বাচনের সাথেই হওয়া সংবিধান সংস্কার বিষয়ে গণভোটে হ্যাঁ জিতলেও সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেয়নি ত্রয়োদশ সংসদ নির্বাচনে বিপুল সংখ্যাগরিষ্ঠতা পেয়ে ক্ষমতায় যাওয়া বিএনপি। এরপর আবার এ বিষয়টি আদালতে নিয়ে যাওয়ায় ক্ষুব্ধ হয়েছে জামায়াতে ইসলামী ও তাদের জোটে থাকা এনসিপি। সংসদ নির্বাচনে দল দুটি থেকে নির্বাচিতরা সংসদ সদস্য হিসেবে শপথের সময় সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবেও শপথ নিয়েছে। কিন্তু বিএনপি ওই শপথ না নেওয়ায় সংবিধান সংস্কার পরিষদ গঠন আদৌ আর হবে কি-না সেই আলোচনাও আছে রাজনৈতিক অঙ্গনে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেছেন, "রাজনৈতিকভাবে অনেক ধরনের বক্তব্য আসতে পারে কিন্তু যেসব বিষয়ে আদালতে রিট হয়েছে, সেসব বিষয়ে আদালত থেকে কী নির্দেশনা আসে সেটিও সংসদকে আইন প্রণয়নের সময় বিবেচনায় নিতে হবে"। ফলে জুলাই সনদ ও গণভোটের বৈধতার প্রশ্নে আদালত থেকে কী ধরনের সিদ্ধান্ত আসে এবং এ নিয়ে বিএনপির সঙ্গে জামায়াত-এনসিপির রাজনৈতিক লড়াই কতদূর এগোয়, তার ওপর রাজনীতির গতি প্রকৃতি অনেকটাই নির্ভর করবে বলে মনে করছেন বিশ্লেষকরা। তাদের মতে, সব মিলিয়ে জুলাই সনদ প্রসঙ্গটিই সামনে রাজনীতিতে বড় রাজনৈতিক ইস্যু হয়ে ওঠার ইঙ্গিত পাওয়া যাচ্ছে।

### রিটে কী বলা হয়েছে, আদালত কী বলেছে

দুই হাজার চব্বিশ সালের ৫ই আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনে রাজনৈতিক দলগুলোর ধারাবাহিক আলোচনার পর ২০২৫ সালের ১৭ই অক্টোবর 'জুলাই জাতীয় সনদ ২০২৫' স্বাক্ষরিত হয়েছিল। একই বছরের ১৩ই নভেম্বর জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ গেজেট আকারে প্রকাশ করা হয়। পরে জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ অনুসারে সংবিধান সংস্কার সম্পর্কিত কতিপয় প্রস্তাবের বিষয়ে জনগণের সম্মতি রয়েছে কি না তা যাচাইয়ে ২৫শে নভেম্বর গণভোট অধ্যাদেশ, ২০২৫ জারি করা হয়। তার ভিত্তিতে

গত ১২ই ফেব্রুয়ারি সংসদ নির্বাচনের দিন একই সাথে গণভোট অনুষ্ঠিত হয়েছে এবং তাতে হ্যাঁ ভোট জয়ী হয়েছে। কিন্তু এরপর জুলাই সনদ বাস্তবায়ন আদেশ ও গণভোটের অধ্যাদেশের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে দুটি রিট দায়ের করেন সুপ্রিম কোর্টের দুজন আইনজীবী। রিটে গণভোট অধ্যাদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদ (সংবিধান সংশোধন) বাস্তবায়ন আদেশ, ২০২৫-কে কেন অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না, তা জানতে রুল জারির আবেদন করেছিলেন তারা। একই সঙ্গে এই অধ্যাদেশ ও সনদের কোনো কার্যক্রম যাতে কার্যকর না হয়, সে বিষয়ে নিষেধাজ্ঞাও চাওয়া হয় রিটে। রিট আবেদনে বলা হয়, সংবিধানে গণভোট এবং জুলাই জাতীয় সনদের কোনো বিধান নেই। মঙ্গলবার শুনানি শেষে আদালত জুলাই জাতীয় সনদ, গণভোটের অধ্যাদেশ এবং নবনির্বাচিত সংসদ সদস্যদের সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেওয়ার বৈধতা নিয়ে রুল জারি করেন। রুলে জানতে চাওয়া হয়েছে, জুলাই জাতীয় সনদ (সংবিধান সংশোধন) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং গত ১৬ই ফেব্রুয়ারি সংসদ সচিবালয় থেকে নবনির্বাচিত সাংসদদের সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিতে যে চিঠি দেওয়া হয়েছে, তা কেন অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না। একই সঙ্গে গণভোট অধ্যাদেশ, ২০২৫-এর ৩ নম্বর তফসিল—যার অধীনে রাজনৈতিক দলগুলো ৩০টি বিষয়ে ঐকমত্যে পৌঁছেছিল—তা কেন বেআইনি ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না, সে বিষয়েও ব্যাখ্যা চাওয়া হয়েছে। আইন সচিব, মন্ত্রিপরিষদ সচিব, জাতীয় সংসদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, নির্বাচন কমিশন এবং প্রধান নির্বাচন কমিশনারকে আগামী চার সপ্তাহের মধ্যে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতের এ রুলের পর বিরোধী রাজনৈতিক দলগুলোর দিক থেকে প্রতিক্রিয়া আসতে শুরু করে। ওই দিনই বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ সাংবাদিকদের বলেছেন যে বিচার বিভাগ থেকে এসব বিষয়ে কী ধরনের মতামত আসে সেদিকেও তাদের দৃষ্টি রয়েছে। তবে রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছেন, "ক্ষমতাসীনদের প্রশ্রয়েই এ ধরনের রিট হওয়ার নজির বাংলাদেশে আছে। সে কারণেই বিরোধী দলগুলোর দিক থেকে এই রিটের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন উঠছে। বিএনপির অবস্থানও সে প্রশ্নকে জোরালো করেছে অনেকের মধ্যে"। হাইকোর্ট বিভাগ জুলাই সনদ বাস্তবায়ন সংক্রান্ত আদেশ, সংবিধান সংস্কার সভার শপথ গ্রহণ, গণভোটের প্রশ্ন এবং ঐকমত্যের ভিত্তিতে গৃহীত ৩০টি সংস্কার প্রস্তাবের বিষয়ে চার সপ্তাহের রুল জারির পর রাতেই জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে এ নিয়ে উদ্বেগ প্রকাশ করেন।

**জামায়াত ও এনসিপি যা বলছে**

ওই বিবৃতিতে তিনি বলেন, রাজনৈতিক বিষয়কে আদালতের বারান্দায় টেনে নেওয়া সমীচীন নয়। অতীতে বিভিন্ন রাজনৈতিক ইস্যু আদালতের মাধ্যমে নিষ্পত্তির যে চেষ্টা হয়েছে, তার পরিণতি ইতিবাচক হয়নি বরং তা জাতীয় জীবনে বিভ্রান্তি ও অচলাবস্থা সৃষ্টি করেছে বলে বিবৃতিতে মন্তব্য করেছেন তিনি। "সরকারের আচরণে প্রতীয়মান হচ্ছে যে রাজনৈতিক দায় এড়িয়ে আদালতের ওপর চাপ সৃষ্টি করে রাজনৈতিক ফায়দা হাসিলের অপচেষ্টা চলছে। পরিকল্পিতভাবে রিট পিটিশন দায়ের করিয়ে পর্দার আড়াল থেকে ইন্ধন দেওয়া হলে তা হবে দ্বিচারিতা ও আত্মঘাতী পদক্ষেপ," বিবৃতিতে বলেছেন তিনি। এর আগে সোমবার রিট পিটিশন দুটি দায়েরের পর ওই রাতেই জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে দলটির কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও আইনজীবী শিশির মনির রিট দায়েরকে 'রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত' বলে আখ্যায়িত করেন। তিনি অভিযোগ করেছিলেন যে, "তাড়াহুড়ো করে দুইজন আইনজীবীর মাধ্যমে এই রিট পিটিশন দায়েরের পেছনে সরকারের ইন্ধন রয়েছে। আদালতে আইনজীবীদের মধ্যে সরকারের ইন্ধন দেখা যাচ্ছে"। এরপর এ বিষয়ে অনেক ক্ষুব্ধ প্রতিক্রিয়া আসে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপির দিক থেকেও। দলটির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া এক সংবাদ সম্মেলনে অভিযোগ করেন যে, সরকারি দল বিএনপি জুলাই সনদ নিয়ে একধরনের 'ডুয়েল গেম' খেলছে। "বিএনপি ষড়যন্ত্রমূলকভাবে জুলাই সনদকে প্রশ্নবিদ্ধ করার জন্য ও সনদ বাস্তবায়ন নিয়ে স্বেচ্ছাচারিতা করার জন্য আদালতে গিয়েছে। তারা একধরনের ডুয়েল গেম খেলছে। বিএনপির পক্ষ থেকে সংসদের ডেপুটি স্পিকার বিরোধী দল থেকে দেওয়ার কথা বলা হচ্ছে, অথচ ঐকমত্য কমিশনে যেসব বিষয়ে ঐকমত্য হয়েছিল এবং গণভোটের মাধ্যমে বৈধতা পেয়েছে, এখন সেখানে সাপ-লুডু খেলার মতো পিক অ্যান্ড চ্যুজ করা হচ্ছে," সংবাদ সম্মেলনে বলেছেন তিনি।

**বিএনপির অবস্থান কী**

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেছেন, আদালত থেকে যে সিদ্ধান্ত বা নির্দেশনা আসবে সেটি সংসদকেও বিবেচনায় নিতে হবে, যাতে করে আইন প্রণয়নের পর সেটি আবার আদালতে বাধাগ্রস্ত না হয়। এর আগে সংসদ সদস্যদের শপথ গ্রহণের দিনই বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের উপস্থিতিতে দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছিলেন, সংবিধানে সংবিধান সংস্কার পরিষদের শপথ কে পড়াবেন এবং শপথের ফরম সংযুক্ত নেই বলে তারা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিচ্ছেন না। পরে সংসদ ভবন থেকে বেরিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মি. আহমদ এর ব্যাখ্যা দিয়ে বলেছিলেন, "গণভোটের রায় অনুসারে জনগণের যে ইচ্ছে ও রায়ের প্রতিফলন ঘটাতে হলে সংসদে যেতে হবে আগে এবং সংসদে প্রয়োজনীয় আইন ও সংবিধান সংশোধন করতে হবে। বিদ্যমান সংবিধানে সংবিধান সংস্কার পরিষদের কোনো বিধান নেই। সে বিবেচনায় আমরাও শপথ নেইনি এবং আমাদের এপ্রোচও করা হয়নি"। এরপর সোমবার প্রধানমন্ত্রী তারেক রহমানের

সাথে সাক্ষাতের পর মি. আহমদ এ বিষয়ে আবারো সাংবাদিকদের সাথে কথা বলেন। তিনি বলেন, "সংবিধান সংস্কার পরিষদ নামে সংবিধানে কিছু না থাকায় যারা সেই শপথ নিয়েছে সেটা তাদের ব্যাপার। ১২ই মার্চ সংসদ শুরু হবে এবং এখানে শুধু সংসদ সদস্যরা যোগ দিবেন। অসাংবিধানিক কিছু আমরা জাতীয় সংসদে উত্থাপন করতে পারি না। সংবিধান সংস্কার পরিষদ হতে হলে সংসদে আলোচনার মাধ্যমে করতে হবে। সংবিধানে সংশোধনী আনতে হবে। এরপর শপথ নেয়া হবে কি-না। এগুলো দীর্ঘ প্রক্রিয়া"। একই সঙ্গে তিনি তখন বলেন, "আমরা শুনেছি এ নিয়ে রিট হয়েছে। দেখা যাক বিচার বিভাগ থেকে কী মতামত আসে"।

**'ইস্যু হয়ে ওঠার সম্ভাবনা আছে'**

রাজনৈতিক বিশ্লেষক ও লেখক মহিউদ্দিন আহমদ বলছেন, জুলাই সনদ ও গণভোট ইস্যুতে বিএনপির সাথে জামায়াত ও এনসিপির অবস্থানগত পার্থক্য পরিষ্কার এবং এখন দেখার বিষয় হবে এই পার্থক্য কতদূর অগ্রসর হয়। "এগুলোর বাস্তবায়ন নিয়ে বিএনপির মধ্যে ইতস্তত বোধটা পরিষ্কার দেখা যাচ্ছে। ফলে জামায়াত ও এনসিপি এটি নিয়ে চাপ তৈরির চেষ্টা করলে এটা ইস্যু হয়ে ওঠার সম্ভাবনা আছে," বিবিসি বাংলাকে বলছিলেন রাজনৈতিক বিশ্লেষক ও লেখক মহিউদ্দিন আহমদ। আরেকজন বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান বলছেন, জুলাই সনদ ও গণভোট ইস্যুতে বিএনপির অবস্থান আগে থেকেই পরিষ্কার, কারণ দলটি আগেই বলেছে তাদের ইশতেহার নির্বাচনে জনরায় পেলে সে অনুযায়ী ব্যবস্থা নিবে তারা। "এখন এটি রাজনৈতিক ইস্যু হবে কি-না তা নির্ভর করবে বিরোধীরা এটিকে কতদূর এগিয়ে নিতে পারে এবং তা জনসমর্থন পায় কি-না তার ওপর," বিবিসি বাংলাকে বলছিলেন মি. রহমান (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রনি)

## ইরান 'ট্রাম্পকে হত্যার চেষ্টা করেছিল', দাবি মার্কিন প্রতিরক্ষামন্ত্রীর

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ দাবি করেছেন, "ইরান প্রেসিডেন্ট ট্রাম্পকে হত্যা করার চেষ্টা করেছিল" এবং "প্রেসিডেন্ট ট্রাম্প শেষ পর্যন্ত তা মোকাবিলা করতে পেরেছেন"। তিনি আরও বলেন, মঙ্গলবার যুক্তরাষ্ট্র "সেই ইউনিটের নেতাকে খুঁজে বের করে হত্যা করেছে—যে ইউনিট প্রেসিডেন্ট ট্রাম্পকে হত্যার চেষ্টা করেছিল"। হেগসেথ যুক্তরাষ্ট্রের জয়েন্ট চিফস অফ স্টাফের চেয়ারম্যান ড্যান কেইনের সঙ্গে পেন্টাগনে সাংবাদিকদের ব্রিফ করার সময় এই কথা বলেন। ২০২৪ সালে ট্রাম্পকে হত্যার কথিত ইরানি পরিকল্পনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে একজন আফগান নাগরিকের বিরুদ্ধে অভিযোগ আনে যুক্তরাষ্ট্র। ২০২৪ সালে, সেই বছরের প্রেসিডেন্ট নির্বাচনের আগে ডোনাল্ড ট্রাম্পকে হত্যার কথিত ইরানি পরিকল্পনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে একজন আফগান নাগরিকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে যুক্তরাষ্ট্র সরকার। মার্কিন বিচার বিভাগ অভিযোগ করেছিল যে ৫১ বছর বয়সী ফারহাদ শাকেরিকে ট্রাম্পকে হত্যার জন্য "একটি পরিকল্পনা দেওয়ার" দায়িত্ব দেওয়া হয়েছিল। তখন মার্কিন সরকার জানায়, শাকেরি ইরানে অবস্থান করছেন বলে ধারণা করা হচ্ছে। ম্যানহাটনের আদালতে দায়ের করা এক ফৌজদারি অভিযোগে প্রসিকিউটররা উল্লেখ করেন যে ইরানের রেভল্যুশনারি গার্ডের এক কর্মকর্তা শাকেরিকে সেপ্টেম্বর মাসে ট্রাম্পকে নজরদারি ও হত্যা করার একটি পরিকল্পনা তৈরি করার নির্দেশ দেন।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালী বন্ধ থাকায় পারস্য উপসাগরে আটকা প্রায় ২০০ ট্যাংকার

সর্বশেষ পরিসংখ্যানে দেখা যাচ্ছে, হরমুজ প্রণালী বন্ধ হয়ে যাওয়ার পর এখন পারস্য উপসাগরে আন্তর্জাতিক প্রায় ২০০টি তেলের ট্যাংকার আটকে রয়েছে। এসব ট্যাংকারের মালিকরা অপেক্ষা করছেন—বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ তেল পরিবহন পথটির মধ্য দিয়ে চলাচল করা নিরাপদ কি না তা দেখার জন্য। বিবিসি ফার্সির এক খবরে এই তথ্য জানানো হয়েছে। রেভল্যুশনারি গার্ড কোর ঘোষণা করেছে যে তারা হরমুজ প্রণালীর পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে এবং সাম্প্রতিক দিনগুলোতে ওই এলাকায় বেশ কয়েকটি জাহাজ ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলার লক্ষ্যবস্তু হয়েছে। প্রায় ৬০টি সুপারট্যাংকার—যা বৈশ্বিক বহরের প্রায় আট শতাংশ—সেখানে আটকে আছে। এই ব্যাঘাত ব্রেন্ট ক্রুড তেলের দাম ব্যারেলপ্রতি ৮০ ডলারের উপরে নিয়ে গেছে।

(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## বাণিজ্য চুক্তি নিয়ে দুই দলের প্রধানই সম্মতি দিয়েছিলেন : পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেছেন, "ইউএস ট্রেড রিপ্রেজেন্টেটিভ আমাদের প্রধান দু'টি দলের প্রধানের সাথে নির্বাচনের আগেই কথা বলেছে এবং তারা এতে সম্মতি দিয়েছিলেন। সুতরাং, এমন না যে এইটা আমরা অন্ধকারে করেছি"। আজ বুধবার চৌঠা মার্চ পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। এ সময় তিনি আরও বলেন, "আরেকটি জিনিস মনে রাখবেন, এতে (মার্কিন চুক্তিতে) একটি এন্ট্রি ক্লজ ও এক্সিট ক্লজ আছে। এন্ট্রি ক্লজ হচ্ছে, নোটিফিকেশন না হলে এটা কার্যকর হবে না। এখনো নোটিফিকেশনে যায়নি। সরকার ইচ্ছে করলে রিভিউ করতে পারে। আর এক্সিট ক্লজ হচ্ছে, আপনি ৬০ দিনের নোটিশ দিয়ে বেরিয়ে যেতে পারেন। এমন না যে আমরা একটা বন্ধ ঘরে বাংলাদেশকে ঠেলে দিয়েছি।" মার্কিন চুক্তিটি পাঠে বাংলাদেশে একটি 'বিভ্রান্তি' আছে উল্লেখ করে তিনি আরও বলেন, "শুধুমাত্র বাংলাদেশের সাথে এগ্রিমেন্টটা দেখলে চলবে না। পাশাপাশি দেখবেন যে ভিয়েতনাম, ক্যাম্বোডিয়া, মালয়েশিয়া, ইন্দোনেশিয়াসহ অন্যান্য দেশগুলো কী কী দিয়েছে, কী কী পেয়েছে। এটা

কম্পেয়ার করলে দেখবেন, মোটামুটি ইউনিফর্ম ল্যাঙ্গুয়েজ সব জায়গায়"। সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন যে বাংলাদেশে মার্কিন যুক্তরাষ্ট্র ও চীনের মাঝখানে পড়েনি। "প্রথমে একেবারেই শুরুতে যখন এই ডিলটা হলো, ২০২৫ সালের ফেব্রুয়ারিতে প্রথম তাদের কাছে আমাদের বাণিজ্য ঘাটতি নিয়ে আমরা কথা বলি। এই রেসিপ্রোকাল টারিফ আরোপ করা হয় সম্ভবত এপ্রিল মাসে এবং তারপর থেকে এই আলোচনা শুরু হয়। এপ্রিল থেকে জুলাই টানা আলোচনা চলে। শুধু আমাদের না, আরও অনেক দেশের সাথে রেসিপ্রোক্যাল ট্যারিফ নিয়ে আলোচনা হয় এবং সেই আলোচনার পরে কিন্তু আমরা ২০ শতাংশ পেয়েছিলাম।" সেইসময় দু'ট বিষয় ছাড়া "মোটামুটিভাবে চুক্তিটা হয়ে গেছিলো" উল্লেখ করে তিনি যোগ করেন, "এক, আমরা তাদেরকে বলেছিলাম যে আমেরিকান কটন বা ম্যানমেড ফাইবার দিয়ে তৈরি যে পোশাক আমরা তাদের কাছে পাঠাবো, সেখানে আমরা জিরো রেসিপ্রোক্যাল ট্যারিফ চাই। সেটা করতে তাদের সময় লেগেছে, তবে এটা কিন্তু আমাদের স্বার্থে"। "আর দ্বিতীয়টা হলো, রুলস অব অরিজিন। তাতেও তারা সময় নিয়েছে। অ্যাগ্রিমেন্ট আমরা করে রেখেছিলাম ৩১শে জুলাই। এক তারিখে আমরা ২০ শতাংশ পেয়েছি। সুতরাং, এটা যে চট করে নির্বাচনের তিন দিন আগে করা হয়েছে সেটা ঠিক নয়"। এসময় মন্ত্রী আরও বলেন যে বর্তমান সরকারের "সবার আগে বাংলাদেশ" মন্ত্রের সাথে এই চুক্তিটি সাংঘর্ষিক না।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## ইরানে পাঁচ হাজারের বেশি গোলা নিক্ষেপের দাবি ইসরায়েলি বিমানবাহিনীর

ইসরায়েলি বিমানবাহিনী জানিয়েছে, শনিবার সংঘাত শুরুর পর থেকে তারা ইরানে পাঁচ হাজারের বেশি গোলাবারুদ নিক্ষেপ করেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে তারা বলেছে, বিশেষভাবে তেহরানকে লক্ষ্য করেই এসব হামলা করা হয়েছে। এদিকে, ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জানিয়েছে, কিছুক্ষণ আগে ইরান থেকে ইসরায়েলের দিকে ক্ষেপণাস্ত্র ছোড়া হয়েছে বলে তারা নিশ্চিত হয়েছে। এক্সে দেওয়া এক পোস্টে আইডিএফ বলেছে, ইরানের ক্ষেপণাস্ত্র প্রতিহত করতে প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয়েছে। ইসরায়েলি জনগণকে আশ্রয়কেন্দ্রে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল, তবে এখন তা তুলে নেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## ডুবে যাওয়া ইরানি জাহাজ থেকে ৮০ জনের মরদেহ উদ্ধার

ভারত মহাসাগরে ডুবে যাওয়া ইরানি জাহাজ থেকে ৮০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে বলে বিবিসি সিনহলাকে জানিয়েছেন শ্রীলঙ্কার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব এয়ার ভাইস মার্শাল সাম্পাথ থুয়্যাকোন্থা। তিনি জানান, অনুসন্ধান চলছে। এই ঘটনায় কয়েক ডজন মানুষ এখনো নিখোঁজ রয়েছেন। শ্রীলঙ্কার নৌবাহিনীর মুখপাত্র বুধিকা সম্পথ এর আগে জানিয়েছিলেন, জাহাজের নথি অনুযায়ী জাহাজটিতে ১৮০ জন আরোহী ছিলেন বলে ধারণা করা হচ্ছে। ইরানের নৌবাহিনীর জাহাজ 'আইআরআইএস দেনা' থেকে বিপদসংকেত পাওয়ার পর ৩২ জনকে উদ্ধার করার তথ্যও জানায় শ্রীলঙ্কার নৌবাহিনী। ডুবে যাওয়া জাহাজ নিয়ে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ আজ বলেছেন যে, ভারত মহাসাগরে যুক্তরাষ্ট্র "একটি ইরানি যুদ্ধজাহাজকে ডুবিয়ে দিয়েছে, যা আন্তর্জাতিক জলসীমায় নিজেকে নিরাপদ মনে করেছিল"।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ এলিনা)

## কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে নারী শিক্ষককে হত্যার ঘটনায় যা জানা যাচ্ছে

নিজ কার্যালয়ের মেঝেতে রক্তাক্ত অবস্থায় পড়ে ছিল নারী শিক্ষকের দেহ। পাশেই নিজের গলায় ছুরি চালানোর চেষ্টা করছেন কর্মচারী। কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে বুধবার বিকেলে একজন নারী শিক্ষকের মৃত্যুর এই ঘটনা ঘিরে আলোচনা চলছে। অভিযোগ উঠেছে, ওই নারী শিক্ষককে হত্যার পর নিজেও আত্মহত্যার চেষ্টা করেছেন বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের সাবেক কর্মচারী ফজলুর রহমান। লপুলিশ বলছে, ঘটনাস্থল থেকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে হাসপাতালে নেওয়া হলে ওই শিক্ষককে মৃত ঘোষণা করেছেন চিকিৎসক। আর গুরুতর আহত ওই কর্মচারী হাসপাতালে চিকিৎসাধীন। এই ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধানে কাজ করছে পুলিশ। ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহে কাজ করছে পুলিশের গোয়েন্দা টিম। ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে জানা গেছে, নিহত শিক্ষক আসমা সাদিয়া রুনা, বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের সহকারী অধ্যাপক এবং বিভাগীয় চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছিলেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মো. শাহিনুজ্জামান বিবিসি বাংলাকে বলেন, চেয়ারম্যানের রুম থেকে বুধবার বিকেল সাড়ে চারটার দিকে শিক্ষক এবং ওই কর্মচারীকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। "বিকেলে ম্যাডামের অফিসের দরজা ভেঙে এই দুজনকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। পরে পুলিশ এসে তাদেরকে কুষ্টিয়া সদর হাসপাতালে পাঠায়," বলেন তিনি। জানা গেছে, নিহত শিক্ষকের সঙ্গে 'ঔদ্ধত্যপূর্ণ আচরণের কারণে' কর্মচারী ফজলুর রহমানকে সমাজ কল্যাণ বিভাগ থেকে বদলি করে দেওয়া হয়েছিল। এর জেরে হত্যাকাণ্ডের ঘটনাটি ঘটতে পারে বলে ধারণা করছেন নিহত শিক্ষকের সহকর্মীদের অনেকে।

### ঘটনা সম্পর্কে যা জানা যাচ্ছে

শিক্ষকের মৃত্যুর ঘটনার প্রকৃত রহস্য কী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষককে হত্যার পর নিজেও কেনো আত্মহত্যার চেষ্টা করেছেন ওই কর্মচারী- এমন অনেক প্রশ্ন সামনে আসছে। খোঁজ নিয়ে জানা গেছে, বুধবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের চেয়ারম্যানের রুমে চিৎকার শুনতে পেয়ে বিভাগের কর্মচারী, শিক্ষক ও শিক্ষার্থীরা এগিয়ে যান। এসময় রুমটি ভেতর থেকে আটকানো ছিল বলে জানান বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও গণমাধ্যমকর্মী নাজমুল হোসেন।

বিবিসি বাংলাকে মি. হোসেন বলেন, "দরজা ভেঙে ভেতরে রক্তাক্ত অবস্থায় ম্যাডামকে পড়ে থাকতে দেখেন শিক্ষার্থীরা। রুমের একপাশে পড়ে থাকা কর্মচারী ফজলুরও নিজের গলায় ছুরি চালাচ্ছিলেন"। তিনি জানান, সমাজ কল্যাণ বিভাগে চুক্তিভিত্তিকভাবে কর্মরত অবস্থায় বেতন বৃদ্ধির দাবিতে এর আগেও বাকবিতণ্ডা করেছিলেন কর্মচারী ফজলুর রহমান। মূলত এই কারণেই এক মাস আগে তাকে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে বদলি করা হয়। "ডেইলি বেসিস কর্মী হিসেবে ছয় হাজার টাকা বেতন পেতেন ওই কর্মচারী। ম্যাডামের কাছে দুই হাজার টাকা বেতন বৃদ্ধির দাবি পূরণ না হওয়ায় অতীতেও খারাপ আচরণ করেছিলেন তিনি," বলেন মি. হোসেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মো. শাহিনুজ্জামান জানান, ঘটনাস্থলে ওই শিক্ষকের নিথর দেহ পড়ে ছিল। পরে শিক্ষক এবং কর্মচারীর রক্তাক্ত দেহ উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। "আজ ওই বিভাগে একটা ইফতার পার্টি ছিল। ম্যাডাম ওনার অফিসেই অবস্থান করছিলেন, তার রুমে গিয়ে ওই কর্মচারী তাকে ছুরির আঘাত করেছে। শিক্ষার্থীরা চিৎকার শুনতে পেয়ে দরজা ভাঙে," বলেন তিনি। হামলার কারণ কী জানতে চাইলে প্রক্টর মো. শাহিনুজ্জামান বিবিসি বাংলাকে বলেন, সমাজ কল্যাণ বিভাগেই চুক্তিভিত্তিক কাজ করতেন কর্মচারী ফজলুর রহমান। কদিন আগেই তাকে বদলি করে অন্য দায়িত্বে পাঠানো হয়। "বিভাগে ইন্টারনাল দ্বন্দ্ব ছিল বলে শুনেছি, ম্যাডাম কমান্ড করলে কমান্ড শুনতো না। এছাড়া কর্মচারী ছেলেটা স্থানীয় এবং সে নাকি খুব বদমেজাজী, নানা অভিযোগ থাকায় তাকে এই বিভাগ থেকে সরিয়ে অন্য দায়িত্ব দেওয়া হয়েছিল," বলেন মি. শাহিনুজ্জামান। নিহত শিক্ষক আসমা সাদিয়া রুনার সহকর্মীরা বলছেন, বেতন বৃদ্ধি ইস্যুতে অতীতে চেয়ারম্যানের সঙ্গে খারাপ আচরণ করেছিলেন কর্মচারী ফজলুর রহমান। এরপরই তাকে অন্য বিভাগে বদলি করা হয়। "ম্যাডামের সঙ্গে ওই কর্মচারী ঔদ্ধত্যপূর্ণ আচরণ করেছিল। এক দেড় মাস আগে বিভাগীয় কমিটির সিদ্ধান্তে তাকে সমাজ কল্যাণ বিভাগ থেকে বদলি করা হয়," বিবিসি বাংলাকে বলেন সমাজ কল্যাণ বিভাগের সহকারী অধ্যাপক শ্যাম সুন্দর সরকার। তিনি বলছেন, "শুধুমাত্র বদলির কারণে হত্যার মতো ঘটনা ঘটবে এটি আমরা ভাবতেও পারছি না"। এদিকে, এই ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধানে পুলিশ কাজ শুরু করেছে বলে জানিয়েছেন কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাসুদ রানা। বিবিসি বাংলাকে তিনি বলেন, ঘটনাস্থল থেকে আলামত সংগ্রহের কাজ করছে পুলিশ। এছাড়া আশপাশে থাকা সিসি ক্যামেরার ফুটেজও সংগ্রহ করা হচ্ছে বলে জানান তিনি। "বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ফোনে ঘটনাস্থলে এসে গুরুতর অবস্থায় একজন নারী শিক্ষক এবং ওই কর্মচারীকে হাসপাতালে পাঠাই আমরা। কর্তব্যরত চিকিৎসক ওই শিক্ষককে মৃত ঘোষণা করেন এবং কর্মচারী হাসপাতালে চিকিৎসাধীন," জানান মি. রানা। পুলিশের এই কর্মকর্তা বলছেন, কেন এই ঘটনা ঘটেছে সেই বিষয়ে জানতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সবার সঙ্গে কথা বলবেন তারা। "ছুরির আঘাতে ওই শিক্ষকের মৃত্যু হয়েছে এটি বলা যাচ্ছে। তবে কে বা কারা তার মৃত্যুর জন্য দায়ী এটা তদন্তসাপেক্ষ," বলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

### ইরানের রাজধানীর প্রাণকেন্দ্রে ইসরায়েলি বাহিনীর হামলা

ইরানের বিরুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল তাদের আক্রমণ সম্প্রসারিত করছে। ইসরায়েল জানিয়েছে যে তারা শাসকগোষ্ঠীর নেতাদের লক্ষ্য করে এবং রাজধানী তেহরানের স্থাপনাগুলিতে উপর্যপুরি হামলা চালিয়েছে।ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী জানিয়েছে যে তারা প্রেসিডেন্টের কার্যালয়, সর্বোচ্চ জাতীয় নিরাপত্তা পরিষদ এবং রাষ্ট্র পরিচালিত সংবাদ ভবনে হামলা চালিয়েছে। যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় কমান্ড জানায় যে যুদ্ধের প্রথম ৭২ ঘন্টায় তারা ১,৭০০ টিরও বেশি লক্ষ্যবস্তুতে আঘাত করেছে। ইসলামী বিপ্লবী রক্ষী বাহিনীর সাথে যুক্ত ইরানের তাসনিম বার্তা সংস্থা জানিয়েছে যে মধ্যাঞ্চলীয় শহর কোমের একটি স্থাপনাতেও হামলা চালানো হয়েছে। রেড ক্রিসেন্ট জানিয়েছে যে হামলা শুরু হওয়ার পর থেকে ৭৮৭ জন নিহত হয়েছেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে ইরানের নেতৃত্ব গ্রহণ করতে পারে, এমন বেশিরভাগ উত্তরসূরী "মৃত"। তিনি আরও বলেন যে দেশটিতে এমন লোক রয়েছে যারা "আরও বেশি মধ্যপন্থী"। ট্রাম্প বলেন, প্রথম কাজ হলো সামরিক হুমকি অকার্যকর করে দেওয়া। ইরানের পারমাণবিক স্থাপনাগুলিতেও হামলা চালানো হয়েছে। মার্কিন কোম্পানি ভ্যান্টর প্রকাশিত স্যাটেলাইট ছবিতে নাতাঞ্জের পারমাণবিক স্থাপনাগুলিতে ধ্বংসযজ্ঞ চলতে দেখা যায়। আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা জানিয়েছে যে নাতাঞ্জে একটি ভূগর্ভস্থ ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কেন্দ্রের প্রবেশপথের ভবনগুলিতে সাম্প্রতিক ক্ষতির বিষয়টি তারা নিশ্চিত করেছে। এর ফলে তেজস্ক্রিয় প্রভাবের কোন আশঙ্কা নেই বলে সংস্থা আরও জানায়। ইসলামী বিপ্লবী রক্ষী বাহিনী জানিয়েছে যে বাহরাইনের একটি মার্কিন বিমান ঘাঁটিতে "বড় আকারের" হামলা তারা চালিয়েছে।

(এনএইচকে ওয়েবপেইজ: ০৪.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### চাঁদাবাজ-অস্ত্রধারী সন্ত্রাসীদের বিরুদ্ধে বিশেষ অভিযানের নির্দেশ স্বরাষ্ট্রমন্ত্রীর

চাঁদাবাজ ও অস্ত্রধারী সন্ত্রাসীদের তালিকা প্রস্তুত করে আইনানুগ ব্যবস্থা নিতে পুলিশকে নির্দেশ দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। আজ বুধবার ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-র সদর দপ্তরে ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভা শেষে তিনি এ কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দুটি বিষয়কে অগ্রাধিকার দেওয়া হয়েছে। প্রথমত, চাঁদাবাজদের একটি তালিকা প্রস্তুত করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। দ্বিতীয়ত, অস্ত্রধারী সন্ত্রাসী ও দাগি আসামিদের একটি নিরপেক্ষ ও নির্ভুল তালিকা প্রণয়ন করা হচ্ছে। যারা সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি করছে, তাদের চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে। সালাহউদ্দিন আহমদ বলেন, সরকারের প্রধান লক্ষ্য হলো দেশে আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, আইনের শাসন প্রতিষ্ঠা এবং জনগণের মধ্যে স্বস্তি ফিরিয়ে আনা। এ লক্ষ্য বাস্তবায়নে পুলিশের ভূমিকা সবচেয়ে গুরুত্বপূর্ণ। মন্ত্রী আরো বলেন, পুলিশ আইনানুগভাবে চলবে এবং কোনো ব্যক্তির স্বেচ্ছাচারী নির্দেশ পালন করবে না। দেশের মানুষকে আশ্বস্ত করে সালাহউদ্দিন আহমদ বলেন, সরকার সর্বোচ্চ চেষ্টা করবে যাতে দেশে আইন-শৃঙ্খলা বজায় থাকে, আইনের শাসন প্রতিষ্ঠিত হয় এবং জনগণ স্বস্তিতে বসবাস করতে পারে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রুবাইয়া)

## আসিফ মাহমুদের ব্যাংক সংক্রান্ত তথ্য চাওয়া হলো

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র ও অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার ব্যাংক সংক্রান্ত বিস্তারিত তথ্য চেয়েছে বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) বলে ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানিয়েছে। বিষয়টির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, একটি অভিযোগের পরিপ্রেক্ষিতে সোমবার বিএফআইইউর পক্ষ থেকে দেশের সব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে এ বিষয়ে চিঠি পাঠানো হয়েছে। চিঠিতে আগামী তিন কার্যদিবসের মধ্যে আসিফ মাহমুদের ব্যক্তিগত ব্যাংক হিসাবের সব তথ্য নথিভুক্ত করে বিএফআইইউতে পাঠানোর নির্দেশনা দেওয়া হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রুবাইয়া)

## পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদের সঙ্গে বৈঠকে পল কাপুর

মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুরের সঙ্গে বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের বৈঠক শুরু হয়েছে। বুধবার সকালে পল কাপুর বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে আসেন। শামা ওবায়েদের সঙ্গে বৈঠকের পর তিনি পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে আলোচনা করবেন। মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী পরে সচিবালয়ে বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির এবং জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদের সঙ্গে আলোচনা করবেন। সন্ধ্যায় ব্যবসায়ী প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময়ের পাশাপাশি সফর উপলক্ষে নৈশভোজে অংশ নেবেন পল কাপুর।ঢাকা–ওয়াশিংটন কৌশলগত সম্পর্ক আরও জোরদারের লক্ষ্য নিয়ে পল কাপুর গতকাল মঙ্গলবার রাতে ঢাকায় আসেন। গত অক্টোবরে দায়িত্ব নেওয়ার পর এটাই পল কাপুরের প্রথম বাংলাদেশ সফর।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরান, শুল্ক এবং ইউক্রেন নিয়ে ম্যার্ৎস-ট্রাম্প আলোচনা

মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের সঙ্গে হোয়াইট হাউসে দেখা করলেন জার্মানির চ্যান্সেলর ফ্রিডরিশ ম্যার্ৎস। বৈঠকের পরে দুই পক্ষই একে অপরকে ধন্যবাদ জানান। দুই রাষ্ট্রপ্রধানের মধ্যে ইরানে সংঘর্ষ, শুল্ক এবং ইউক্রেন নিয়ে আলোচনা হয়। চ্যান্সেলর ম্যার্ৎস বলেছেন, এই সংঘর্ষ দ্রুত শেস হবে বলে তিনি আশাবাদী। মধ্যপ্রাচ্যে সংঘর্ষের ফলে তেলের দাম বেড়ে যাওয়ায় চিন্তা প্রকাশ করে তিনি বলেন, এতে ক্ষতি হচ্ছে অর্থনীতির। তবে অ্যামেরিকা এবং ইসরায়েল এই সংঘর্ষ দ্রুত থামাবে বলেও আশা করেন তিনি। অন্যদিকে ট্রাম্প জানান, ইরানের সঙ্গে আলোচনায় তার মনে হয়েছিলো ইরান আগেই আক্রমণ করতে পারে। সেই কারণেই এই সংঘর্ষ শুরু করার আদেশ দেন তিনি। বাণিজ্য এবং শুল্ক প্রসঙ্গে ট্রাম্প বলেন, এর ফলে লাভবান হয়েছে অ্যামেরিকা। ম্যার্ৎসের সঙ্গে রসিকতার সুরে তিনি বলেন, শুল্কের ফলে 'ক্ষতিগ্রস্ত' হয়েছে জার্মানি। মার্কিন সুপ্রিম কোর্ট তার শুল্ক নীতিকে খারিজ করেছে। সেই প্রসঙ্গে ট্রাম্প বলেন, আদালতের রায় তার শুল্ক বসানোর ক্ষমতাকেই প্রতিষ্ঠিত করে। তবে ইরানের সঙ্গে সংঘর্ষে স্পেনের অবস্থানের কারণে তাদের সঙ্গে বাণিজ্য বন্ধ করার হুমকি দেন তিনি। ইউক্রেনেরপ্রসঙ্গে ট্রাম্প বলেন, সমাধান সূত্র পাওয়া যাবে। তবে এই যুদ্ধ বন্ধ করতে যে তাদের যথেষ্ট বেগ পেতে হচ্ছে তা মেনে নেন ট্রাম্প। ইরানের সংগর্ষের ভবিষ্যৎ কী হতে চলেছে সে বিষয়েও জানতে চান ম্যার্ৎস। বৈঠকের পরে ৩৫ মিনিটের সাংবাদিক সম্মেলনকে 'একপাক্ষিক' বলে জানিয়েছে মিডিয়ার একাংশ। সাংবাদিক বৈঠকের সিংহভাগ ট্রাম্প কথা বলেছেন। ডিপিএ জানিয়েছে, ট্রাম্প ৩০ মিনিট কথা বলেছেন এবং একাধিক বার একই কথা বলেছেন। ম্যার্ৎস তিন মিনিট কথা বললেও আলোচনার গুরুত্বপূর্ণ অংশ তুলে ধরেছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানের দুই হাজার লক্ষ্যে আক্রমণ, জানালো মার্কিন সেনা

সংঘাতের চতুর্থ দিনে ইরানেরদুই হাজার নিশানায় হামলা করেছে অ্যামেরিকা। এদিন মার্কিন সেনাবাহিনীর পক্ষ থেকে একথা জানানো হয়েছে। মার্কিন সেন্ট্রাল কম্যান্ডের অ্যাডমিরাল ব্র্যাড কুপার একটি ভিডিও মেসেজে বলেন, "আমরা ইরানের বিমান প্রতিরক্ষায় আঘাত করেছি। একই সঙ্গে ইরানের ব্যালেস্টিক মিসাইল, লঞ্চার এবং ড্রোন ধ্বংস করেছি।" অ্যামেরিকার প্রায় ৫০ হাজার সেনাবাহিনী, ২০০টি ফাইটার বিমান, দুইটি বিমানবাহী তরী এবং বম্বার এই

অপারেশন এপিক ফিউরিতে অংশ নিয়েছে। অ্যাডমিরাল কুপার জানিয়েছেন, এটি মধ্যপ্রাচ্যে অ্যামেরিকার সব থেকে বড় সেনাবহর। অন্যদিকে, এই সংঘর্ষে মৃত চার মার্কিন সেনাদের শনাক্ত করা হয়েছে। কুয়েতের পোর্ট শুয়াইবার কমান্ড সেন্টারে ইরানের ড্রোন আক্রমণে এই সেনাদের মৃত্যু হয়। এই চার সেনা হলেন, ফ্লোরিডার ক্যাপ্টেন কোডি এ খোর্ক, নেব্রাস্কার সার্জেন্ট ফার্স্ট ক্লাস নোয়া এল টিয়েটজেন্স, মিনেসোটার সার্জেন্ট ফার্স্ট ক্লাস নিকোল এম আমোর এবং আইওয়ার সার্জেন্ট ডেক্লান জে কোডি। এদিন দুবাইতে মার্কিন দূতাবাসের কাছে একটি ড্রোন হামলা হয়। এটি ইরানের হামলা বলে মনে করা হচ্ছে। ওয়াশিংটনে পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও জানান, "ড্রোনটি দূতাবাসের বাইরে পার্কিং এলাকায় পড়ে।" সেখানে আগুন জ্বলতে দেখা গেলেও কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানে 'আরো বড় হামলার' দাবি ইসরায়েলের

ইরানের সামরিক ঘাঁটিতে 'আরো বড় হামলার' দাবি করলো ইসরায়েল। তেহরানে বিস্ফোরণের কথা জানিয়েছে ইরানের সরকারি সংবাদ মাধ্যম। টেলিগ্রাম মেসেজের মাধ্যমে ইসরায়েলি ডিফেন্স ফোর্স (আইডিএফ) জানিয়েছে, তারা ইরান সরকারের সামরিক কেন্দ্র, আকাশসীমার প্রতিরক্ষা ব্যবস্থা এবং অন্যান্য পরিকাঠামোর উপর তীব্র আক্রমণ শুরু করেছে। তবে সংবাদ মাধ্যম জানিয়েছে, এই আক্রমণে সাধারণ ইরানবাসিদের বাসস্থান ক্ষতিগ্রস্ত হয়েছে। ইরানের আধাসামরিক বাহিনী রেভলিউশানারি গার্ডের পরিকাঠামোতে হামলা চালিয়েছে বলে দাবি করেছে ইসরায়েল। এই রেভলিউশানারি গার্ডের সদস্যরা ইরানে জানুয়ারি মাসের আন্দোলনে অংশ নেওয়া বিক্ষোভকারীদের দমন করতে সক্রিয় ছিলো। ইরানের অভ্যন্তরীন নিরাপত্তা কম্যান্ডের দপ্তরেও হামলা হয়েছে বলে জানা গেছে। সাইপ্রাসে মার্কিন দূতাবাস থেকে নন এমার্জেন্সি কর্মীদের দেশে ফিরে যেতে বলেছে অ্যামেরিকা। এখানে হামলার সম্ভবনা আছে বলেই  এই সিদ্ধান্ত বলে মনে করা হচ্ছে। অন্যদিকে, মধ্যপ্রাচ্যের দেশগুলিতে হামলা চালাচ্ছে ইরান। কুয়েতে বোমাবিধ্বস্ত বাড়ি চাপা পরে **১১** বছরের একটি বাচ্চা প্রাণ হারিয়েছে। ইরানের একাধিক ড্রোনকে সফল ভাবে প্রতিরোধ করেছে কুয়েতের আকাশসীমার নিরাপত্তা ব্যবস্থা। সৌদি আরবও ইরানের দুটি ক্রুজ মিসাইল ধ্বংস করেছে। অন্যদিকে, লেবাননে ইসরায়েলি হামলা চলেছে রাতভর। এতে প্রাণ হারিয়েছেন **১০** জন। লেবাননের সরকারি মিডিয়া জানিয়েছে, সাধারণ মানুষদের বাড়িতে হামলা চালিয়েছে ইসরায়েল। এতে চার জনের মৃত্যু হয়েছে। দক্ষিণ বৈরুতে আরো ছয় জনের মৃত্যু হয়েছে। তবে এগুলি প্রাথমিক হিসেব বলে মনে করা হচ্ছে। ইরাকে কুর্দ নেতাদের সঙ্গে কথা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প। ইরানের সঙ্গে সংঘর্ষে তাদের সাহায্যও নেওয়া হবে কিনা তা নিয়ে জল্পনা চলছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রুবাইয়া)

## তুরস্কের কাছে ইরানের ক্ষেপণাস্ত্র ধ্বংস করলো ন্যাটোর বিমান প্রতিরক্ষা বাহিনী

আঙ্কারার কর্মকর্তারা জানান, তুরস্কের আকাশসীমার দিকে আসতে থাকা ইরানের একটি ক্ষেপণাস্ত্র পূর্ব ভূমধ্যসাগরে ধ্বংস করেছে ন্যাটোর বিমান প্রতিরক্ষা বাহিনী। তুরস্কের প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে বলা হয়, ইরাক ও সিরিয়ার ওপর দিয়ে উড়ে আসা ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রটি কোনো ক্ষতি করতে পারেনি। বিবৃতিতে আরো বলা হয়, ''আমাদের ভূখণ্ড এবং আকাশসীমা রক্ষা করতে প্রয়োজনীয় যে-কোনো পদক্ষেপ নিশ্চিতভাবে এবং দ্বিধা ছাড়াই নেয়া হবে।'' (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## স্বাস্থ্যে বড় সিদ্ধান্ত প্রধানমন্ত্রীর, এক লাখ কর্মী নিয়োগের উদ্যোগ

জনগণের চিকিৎসাসেবা নিশ্চিত করতে 'ই-হেলথ' কার্ড চালুর নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তরে স্বাস্থ্যমন্ত্রী-প্রতিমন্ত্রী-উপদেষ্টা এবং স্বাস্থ্য বিশেষজ্ঞদের এক বৈঠকে প্রধানমন্ত্রী এই নির্দেশনা দেন। তার অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন বলেন, প্রধানমন্ত্রী ই-হেলথ কার্ড চালু করার কাজ শুরু করতে স্বাস্থ্যমন্ত্রীকে নির্দেশনা দিয়েছেন। সরকারের নীতি হচ্ছে স্বাস্থ্য সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছাতে হবে। এই ব্যাপারে মন্ত্রণালয়কে আরও সক্রিয় হওয়ার কথা বলেছেন প্রধানমন্ত্রী।এই বৈঠকে সরকারি বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার পরিত্যক্ত ভবন সমসূহ চিহ্নিত করে সেগুলোকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে এসে স্বাস্থ্যকেন্দ্র করার বিষয়ে আলোচনা হয়েছে। অতিরিক্ত প্রেস সচিব বলেন, শুধুমাত্র এলজিইডির পরিত্যক্ত ভবন বা বিল্ডিং রয়েছে ১৭০টি। প্রধানমন্ত্রী বলেছেন, সরকারি ও তার অধীনস্থ প্রতিষ্ঠান ও সংস্থার এ রকম পরিত্যক্ত ভবন বা বিল্ডিং রয়েছে সেগুলো ক্লিনিক ও স্বাস্থ্যসেবা কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হবে। এই ব্যাপারে মন্ত্রণালয়কে  প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন।দেশের জনসংখ্যা বৃদ্ধির বিষয়টি সভায় আলোচনায় উঠে এসেছে। এক পরিসংখ্যানে দেখা যায় যে, প্রতিবছর ৩৪ লাখ নবজাতক জন্ম গ্রহণ করে। বিএনপির নির্বাচনি প্রতিশ্রুতি অনুযায়ী এক লাখ স্বাস্থ্য কর্মী যার মধ্যে নারী ৮০ শতাংশ এবং পুরুষ ২০ শতাংশ তা নিয়োগ এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের শূন্য পদে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মী নিয়োগের বিষয় নিয়েও সভায় আলোচনা হয়েছে বলে জানান অতিরিক্ত প্রেস সচিব।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ আসাদ)

## বগুড়াসহ ৬ জেলার পুলিশ সুপারকে বদলি

পুলিশ সুপার পদমর্যাদার ১০ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। এরমধ্যে বগুড়া, সিলেট, বরিশাল, জামালপুর, ময়মনসিংহ ও খাগড়াছড়ির পুলিশ সুপার হিসেবে নতুন কর্মকর্তা নিয়োগ দিয়েছে সরকার। বুধবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখার উপ-সচিব তৌহিফ আহমেদের সই করা এক প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। বদলি হওয়া কর্মকর্তারা হলেন- বগুড়ার পুলিশ সুপার মো. শাহাদাত হোসেনকে এপিবিএনে, খাগড়াছড়ির পুলিশ সুপার মির্জা সায়েম মাহমুদকে বগুড়ার পুলিশ সুপার, ডিএমপির উপ-পুলিশ কমিশনার মো. মোস্তাক সরকারকে খাগড়াছড়ি জেলার পুলিশ সুপার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ময়মনসিংহ জেলার পুলিশ সুপার মো. মিজানুর রহমানকে নোয়াখালীর পিটিসিতে, ডিএমপির উপ-পুলিশ কমিশনার মোহাম্মদ কামরুল হাসানকে ময়মনসিংহ জেলার পুলিশ সুপার হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ আসাদ)

## ইরানে হামলাকারীদের সরাসরি নিন্দা করবে বাংলাদেশ, আশা তেহরানের

ওআইসি ও ন্যাম সদস্য দেশ হিসেবে বাংলাদেশ ইরানে আগ্রাসী হামলাকারীদের সরাসরি নিন্দা করবে- এমন প্রত্যাশা ব্যক্ত করেছে ইরান। বুধবার ঢাকায় ইরান দূতাবাসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন ঢাকায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জলিল রহিমী জাহানাবাদী। বুধবার ঢাকায় ইরান দূতাবাসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন ঢাকায় নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত জলিল রহিমী জাহানাবাদী। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া বিবৃতিতে ইরানে হামলাকারী দেশ হিসেবে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের নাম উল্লেখ না করার বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, বাংলাদেশ একটি মুসলিম দেশ। একই সঙ্গে ওআইসি ও জোট নিরপেক্ষ আন্দোলন ন্যাম- এর সদস্য। সে হিসেবে একটি আগ্রাসী শক্তিকে সরাসরি নিন্দা বা এর প্রতিবাদ করবে- এমনটাই আমরা আশা করি। রাষ্ট্রদূত বলেন, ইরান দীর্ঘ মেয়াদে এ যুদ্ধ চালিয়ে যাওয়ার সক্ষমতা রাখে। আমাদের কাছে পর্যাপ্ত ড্রোন, মিসাইলসহ প্রয়োজনীয় সামরিক শক্তি রয়েছে। প্রতিবেশী মুসলিম দেশগুলোর সমর্থন প্রসঙ্গে তিনি বলেন, আমরা কোনো দেশের কাছ থেকে লজিস্টিক সাপোর্ট চাই না। আমরা শুধু চাই, একটি মুসলিম দেশ আক্রান্ত হলে অন্য মুসলিম দেশগুলো তার প্রতি সহানুভূতি ও সমর্থন প্রকাশ করুক। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ আসাদ)

## পহেলা বৈশাখের মধ্যে 'কৃষক কার্ড', প্রথম পর্যায়ে ৯ ইউনিয়নে

কৃষকদের জন্য বহুল আলোচিত 'কৃষক কার্ড' কার্যক্রম আগামী পহেলা বৈশাখের মধ্যে চালু করার আশাবাদ ব্যক্ত করেছেন কৃষি, খাদ্য এবং মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী আমিন উর রশীদ। তিনি জানান, নির্ধারিত সময়ের মধ্যেই পাইলট প্রকল্প শুরু করা সম্ভব হবে এবং পরবর্তীতে তা সারাদেশে সম্প্রসারণ করা হবে। বুধবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত কৃষক কার্ড চালু নিয়ে গঠিত কমিটির সভা শেষে বেরিয়ে যাওয়ার সময় সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। সভায় কৃষিমন্ত্রীসহ সংশ্লিষ্ট কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।কৃষক কার্ডের সর্বশেষ অগ্রগতি কি জানতে চাইলে কৃষিমন্ত্রী বলেন, আমরা আশা করছি যে ইনশাল্লাহ আমরা ট্রেনে। আগামী পহেলা বৈশাখের মধ্যে শুরু করার চিন্তা করছি এবং আশা করি পারব। এটা কি আপনারা সারাদেশে করবেন, না কোনো পাইলট বেসিসে করবেন? আপনার কতটা উপজেলা চালু করবেন? এমন প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, প্রাথমিকভাবে এটি পাইলট প্রকল্প হিসেবে চালু হবে। প্রথম পর্যায়ে ৯টা উপজেলার মধ্যে যাবে। ৯টা উপজেলার ৯টা ইউনিয়নের কার্যক্রম শুরু করার পরিকল্পনা রয়েছে। প্রতিটি নির্বাচিত উপজেলার নির্দিষ্ট ইউনিয়নে পরীক্ষামূলকভাবে এই কার্যক্রম বাস্তবায়ন করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ আসাদ)

## আটজন প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন

আটজন প্রতিমন্ত্রীর দপ্তর পুনর্বণ্টন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বুধবার তাদের দপ্তর পুনর্বণ্টন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা মো. শরীফুল আলমকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়; কৃষি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা সুলতান সালাউদ্দিন টুকুকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়; সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের দায়িত্বে থাকা হাবিবুর রশিদকে রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিমন্ত্রীর দায়িত্ব দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ আসাদ)

## ইরানে বাংলাদেশি শিক্ষার্থীরা নিরাপদে আছেন: ইরানি রাষ্ট্রদূত

ইরানে অবস্থানরত বাংলাদেশি শিক্ষার্থীদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ইরানি রাষ্ট্রদূত জলিল রহিমী জাহানাবাদী। বুধবার ঢাকায় অবস্থিত ইরান দূতাবাসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান তিনি। ইরানি রাষ্ট্রদূত বলেন, ইরানে বর্তমানে কতজন বাংলাদেশি অবস্থান করছেন এর সঠিক পরিসংখ্যান তার কাছে নেই। তবে তেহরানে অবস্থিত বাংলাদেশ দূতাবাস ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে। কোনো ধরনের সহযোগিতা চাওয়া হলে বা প্রয়োজনীয় তথ্য জানানো হলে ইরান সরকার সর্বোচ্ছ ও যথাযথ ব্যবস্থা নেবে। তিনি বলেন, ইরান নাগরিকদের ইরানি বা বিদেশি হিসেবে আলাদা করে দেখে না। দেশে অবস্থানরত যে কোনো ব্যক্তি সমস্যায় পড়লে সমানভাবে তার সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে সরকার।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ আসাদ)

## মুন্সিগঞ্জে চুরির অপবাদে গণপিটুনিতে নিহত ২

মুন্সিগঞ্জে বৈদ্যুতিক তার চুরির অপবাদে স্থানীয়দের গণপিটুনিতে ঘটনাস্থলেই দুজন নিহত হয়েছেন। তারা দুজনই বেদে সম্প্রদায়ের লোক বলে জানা গেছে। মঙ্গলবার দিনগত রাত আড়াইটার দিকে লৌহজং উপজেলার হলদিয়া ইউনিয়নে এ ঘটনা ঘটে। পরে জিজ্ঞাসাবাদের জন্য চারজনকে ঘটনাস্থল থেকে আটক করেছে পুলিশ। ঘটনার প্রত্যক্ষদর্শী ও স্থানীয়রা জানান, উপজেলার সাতঘরিয়া কমিউনিটি ক্লিনিকে বৈদ্যুতিক তার চুরি হচ্ছে খবর পেয়ে সন্দেহজনকভাবে দুজনকে আটক করেন স্থানীয়রা। পরে তাদের গণপিটুনি দিয়ে কয়েক ঘণ্টা আটকে রাখা হয়। খবর পেয়ে সাকলে ঘটনাস্থলে গিয়ে অচেতন অবস্থায় দুজনকে উদ্ধার করে লৌহজং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায় পুলিশ। তবে চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। স্থানীয়দের দাবি, বেশ কয়েকদিন ধরে এলাকাটিতে চোরের উপদ্রব বেড়েছে। এজন্য গ্রামবাসীরা মিলে রাত জেগে গ্রাম পাহারা দিচ্ছিলেন। মধ্যরাতে উপজেলার সাতঘড়িয়া গ্রামের সরকারি কমিউনিটি ক্লিনিকের বিদ্যুতের তার চুরি করা হচ্ছে খবর ছড়িয়ে পড়লে দুজনকে আটকে রেখে গণপিটুনি দেন এলাকাবাসী। নিহতরা হলেন মুন্সিগঞ্জের লৌহজং উপজেলার গোয়ালীমান্দ্রা গ্রামের ফরহাদ মিয়ার ছেলে সাগর ও শহিদুল ইসলামের ছেলে ছানারুল। মুন্সিগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার মো. ফিরোজ কবির এসব তথ্য নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৪.২০২৬ আসাদ)

## সরকারে থাকা অবস্থায় দুর্নীতি করিনি, কাউকে করতেও দেইনি: আসিফ নজরুল

অন্তর্বর্তী সরকার দায়িত্ব হস্তান্তরের পর সরকারের উপদেষ্টাদের বিরুদ্ধে তথাকথিত দুর্নীতির নতুন নতুন খবর ডালপালা মেলতে শুরু করেছে বলে মন্তব্য করেছেন সাবেক আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। এসব অভিযোগ মিথ্যা দাবি করে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে নিজের অবস্থান ব্যাখ্যা করেছেন সাবেক অন্তর্বর্তী সরকারের এ উপদেষ্টা। বুধবার (৪ মার্চ) রাত পৌনে ৮টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি বিষয়টি তুলে ধরেন। 'আসিফ নজরুলের দুর্নীতি?' শিরোনামে ফেসবুক পোস্টে সাবেক আইন উপদেষ্টা লেখেন, 'আসিফ নজরুল আমেরিকায় বাড়ি কিনেছেন। বউ-বাচ্চা সব আমেরিকায় চলে গেছেন। তিনিও শিগগির আমেরিকায় ভেগে যাবেন- এমন একটা গাঁজাখুরি খবর বছরখানেক আগে ইউটিউবে ছাড়া হয়। বিপুল সংখ্যক মানুষ এটি দেখেন এবং ভয়াবহ বিষয় হলো, তাদের কেউ কেউ তা বিশ্বাস করা শুরু করেন!' তিনি লেখেন, 'এর কিছুদিন পর খালেদ মুহিউদ্দিনের এক অনুষ্ঠানে প্রসঙ্গটি ওঠে। আমি হাসবো না কাঁদবো বুঝতে পারি না। শুধু বলি, আমেরিকায় বাড়ি কিনলে রেকর্ড থাকে, কেউ তা লুকাতে পারে না। খালেদের অনুষ্ঠানে আমি সব ইউটিউবার, সাংবাদিক ও গোয়েন্দাদের চ্যালেঞ্জ করি- আমেরিকায় আমার বাড়ি থাকলে তার প্রমাণ খুঁজে বের করার জন্য।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## রাষ্ট্রদূত হচ্ছেন ৩ সেনা কর্মকর্তা

তিনজন সেনা কর্মকর্তাকে প্রেষণে রাষ্ট্রদূত নিয়োগ দিতে তাদের চাকরি পররাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যস্ত করেছে সরকার। বুধবার (৪ মার্চ) জনপ্রশাসন মন্ত্রণালয় পৃথক প্রজ্ঞাপনে তাদের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যস্ত করেছে। সশস্ত্র বাহিনী বিভাগের সাবেক প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল এস এম কামরুল হাসান, ডিজিএফআইয়ের সাবেক মহাপরিচালক মেজর জেনারেল মো. জাহাংগীর আলম, মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) সাবেক কমান্ড্যান্ট মেজর জেনারেল মো. নাসিম পারভেজকে রাষ্ট্রদূত নিয়োগ দিতে তাদের চাকরি পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## নারীদের জন্য বিআরটিসি বাস চালুর উদ্যোগ

প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী বিআরটিসি মহিলা বাস চালুর উদ্যোগ নিয়েছে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, যা নারী চালক, নারী কন্ডাক্টর এবং নারী হেলপারের মাধ্যমে পরিচালিত হবে। বুধবার (৪ মার্চ) সরকারি তথ্য বিবরণীতে এ কথা জানানো হয়েছে। এতে বলা হয়, নারীবান্ধব বিআরটিসি বাসে নিম্নবর্ণিত স্লোগান নির্ধারণ করা হয়েছে- 'স্বস্তির আরেক নাম, নারীবন্ধব বিআরটিসি বাস', 'নারীর পথচলায় ভয়ের শেষ, নিরাপদ বাসেই এগোবে দেশ', 'নিরাপদ যাত্রা কর্মে গতি-নারীর হাতেও অর্থনৈতিক শক্তি', 'নিরাপদ পথচলায় নারী, সমৃদ্ধির দেশ গড়ি', 'নিরাপদ যাত্রা নারীর অধিকার, নারীবান্ধব বাস হোক সবার অঙ্গীকার', 'নারীর হাতে ঘুরবে চাকা, বদলে যাবে আগামীর ঢাকা', 'কর্মে যাবো মহিলা বাসে, ভোগান্তি পেরিয়ে উন্নতি আসে', 'নারী চালকের গাড়িতে, নিরাপদে ফিরি বাড়িতে', 'নারীর চালনায় যাত্রা করি, নিরাপদ বাংলাদেশ গড়ি।' (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তিতে বিএনপি-জামায়াতের সম্মতি ছিল

যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তিতে বিএনপি ও জামায়াতের সম্মতি ছিল বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। বুধবার (৪ মার্চ) মার্কিন পররাষ্ট্র দপ্তরের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক ব্যুরোর সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুরের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ তথ্য জানান তিনি। খলিলুর রহমান বলেন, নির্বাচনের আগেই আমাদের প্রধান দুই রাজনৈতিক দলের প্রধানের সঙ্গে আলোচনা করেছে ইউএস ট্রেড রিপ্রেজেন্টেটিভ এবং তাদের সম্মতি ছিল। এমন না যে, এটা আমরা অন্ধকারে করেছি। এই ডিলটা কিন্তু ঠিক তিনদিন আগে শেষ হয়েছে, তা নয়। চুক্তি প্রক্রিয়ার

ধারাবাহিকতা তুলে ধরে তিনি বলেন, ২০২৫ সালের ফেব্রুয়ারিতে প্রথমবার বাণিজ্য ঘাটতি নিয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনা শুরু হয়। এরপর দীর্ঘ আলোচনার মাধ্যমে চূড়ান্ত সমঝোতায় পৌঁছানো হয়েছে, যা মাত্র তিনদিন আগে শেষ হয়নি বলেও মন্তব্য করেন তিনি। এই রেসিপ্রোকাল ট্যারিফ আরোপ করা হয় সম্ভবত এপ্রিল মাসে এবং তারপর থেকে এ আলোচনা শুরু হয়। এপ্রিল থেকে জুলাই টানা আলোচনা চলেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## শিক্ষিকাকে হত্যা করে নিজের গলায় ছুরি চালাচ্ছিলেন কর্মচারী ফজলুর

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সমাজকল্যাণ বিভাগের সভাপতি ও সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনাকে নিজ কক্ষে ছুরিকাঘাতে হত্যার ঘটনা ঘটেছে। তাকে হত্যা করে ওই কক্ষেই নিজের গলায় ছুরি চালিয়ে আত্মহত্যার চেষ্টা চালান রাষ্ট্রবিজ্ঞান বিভাগের কর্মচারী ফজলুর রহমান। আশঙ্কাজনক অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বুধবার (৪ মার্চ) বিকেল ৪টার দিকে থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদ ভবনের সমাজকল্যাণ বিভাগে এ ঘটনা ঘটে। ধারণা করা হচ্ছে, অন্য বিভাগে বদলি করা নিয়ে ক্ষোভের বশবর্তী হয়ে কর্মচারী ফজলুর রহমান ছুরিকাঘাতে সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনাকে হত্যা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## তারেক রহমানকে সভাপতি করে নিকার গঠন

প্রধানমন্ত্রী তারেক রহমানকে সভাপতি করে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) গঠন করা হয়েছে। বুধবার (৪ মার্চ) মন্ত্রিপরিষদ বিভাগ ২০ সদস্যের নিকার গঠন করে প্রজ্ঞাপন জারি করেছে। নিকারের সদস্য হিসেবে রয়েছেন- স্থানীয় সরকার, অর্থ, স্বরাষ্ট্র, শিল্প এবং আইনমন্ত্রী; জনপ্রশাসন প্রতিমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর মুখ্য সচিব। এর বাইরে জনপ্রশাসন, ভূমি, স্বরাষ্ট্র, অর্থ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, সমন্বয় ও সংস্কার, আইন ও বিচার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্য এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সচিবকে নিকারের সদস্য করা হয়েছে। নতুন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর এবং পরিদপ্তর স্থাপন, পুনর্গঠন এবং নাম পরিবর্তনের প্রস্তাব বিবেচনা করে নিকার। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## ময়লার বিল ১০০ টাকার বেশি নিলেই ব্যবস্থা: ডিএসসিসি প্রশাসক

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) এলাকায় বাসা থেকে ময়লা সংগ্রহের বিল ১০০ টাকার বেশি নিলেই ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ডিএসসিসি প্রশাসক মো. আবদুস সালাম। লালবাগের শহীদনগর শ্মশানঘাট এলাকায় মশক নিধনে বিশেষ পরিচ্ছন্নতা ও ক্রাশ প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এসময় বিশেষ অতিথি ছিলেন ঢাক-৭ আসনের সংসদ সদস্য হামিদুর রহমান হামিদ। সম্প্রতি মশার প্রাদুর্ভাব বাড়ায় ডিএসসিসির উদ্যোগে মাসব্যাপী বিশেষ পরিচ্ছন্নতা ও ক্রাশ অনুষ্ঠানের অংশ হিসেবে ডিএসসিসির ২৪ নম্বর ওয়ার্ড এলাকায় এ প্রোগ্রাম হয়। বিকেল ৩টা থেকে শুরু হওয়া এই অভিযানে ডিএসসিসির বর্জ্য ব্যবস্থাপনা ও স্বাস্থ্য বিভাগের প্রায় ২০০ কর্মী অংশ নেন। তারা খাল, ড্রেন, নর্দমা ও ফুটপাত পরিষ্কারের পাশাপাশি মশার ওষুধ প্রয়োগ করেন। এসময় স্থানীয় বাসিন্দাদের অংশগ্রহণে জনসচেতনতামূলক র‌্যালি অনুষ্ঠিত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## পুরান ঢাকার সড়ক ও ফুটপাত দখলমুক্ত করা হবে: ইশরাক হোসেন

পুরান ঢাকার গুরুত্বপূর্ণ দুই প্রধান সড়ক ধোলাইখাল রোড ও সুভাষ বোস অ্যাভিনিউয়ের উন্নয়নকাজ পরিদর্শন করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন। তিনি সড়ক ও ফুটপাতের অবৈধ দখল উচ্ছেদে শিগগির কার্যকর পদক্ষেপ নেওয়ার কথা জানিয়েছেন। সড়ক দুটি তার নির্বাচনি এলাকা ঢাকা-৬ আসনের সূত্রাপুর থানার মধ্যে পড়েছে। বুধবার (৪ মার্চ) লক্ষ্মীবাজার সংলগ্ন ধোলাইখাল এলাকায় চলমান উন্নয়ন ও নির্মাণকাজ ঘুরে দেখেন প্রতিমন্ত্রী। পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি বলেন, ধোলাইখাল সড়কের বিভিন্ন অংশ দীর্ঘদিন ধরে অবৈধভাবে দখল হয়ে আছে। কোথাও কোথাও ৪০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত সড়ক স্থায়ী কাঠামো নির্মাণের মাধ্যমে দখল করা হয়েছে। সরকারি নীতিমালা অনুযায়ী এসব দখল অপসারণ করে সড়ক ও ফুটপাত সাধারণ মানুষের চলাচলের জন্য উন্মুক্ত করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## অবৈধ অভিবাসন রোধে বাংলাদেশকে পাশে চায় যুক্তরাষ্ট্র

অবৈধ অভিবাসন দমন কার্যক্রমে সহযোগিতা জোরদার করার বিষয়ে জোর দিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। বুধবার (৪ মার্চ) পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে ঢাকা সফররত যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য-এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুরের বৈঠকে ওয়াশিংটন এ বিষয়টির ওপর জোর দেয়। মার্কিন দূতাবাসের এক বার্তায় বলা হয়েছে, অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি কাপুর এবং রাষ্ট্রদূত ক্রিস্টেনসেন আজ বুধবার পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশে যুক্তরাষ্ট্রের প্রধান অগ্রাধিকারগুলো নিয়ে আলোচনা করেন। এতে অন্তর্ভুক্ত ছিল আমেরিকার ব্যবসায়ীদের জন্য বাজারে প্রবেশের সুযোগ সম্প্রসারণ, অবৈধ অভিবাসন দমন কার্যক্রমে সহযোগিতা জোরদার এবং আঞ্চলিক নিরাপত্তা ও সন্ত্রাসবাদবিরোধী সহযোগিতা আরও গভীর করা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## তুরাগে বাড়িতে ডাকাতের হানায় নারী নিহতের ঘটনায় গ্রেফতার ২

রাজধানীর তুরাগ থানা এলাকায় বাসায় ঢুকে ডাকাতদের হামলায় রেজিনা মমতাজ (৬৬) নামের এক নারী নিহত হন। গত সোমবার রাতে তারাবির নামাজ চলাকালে সংঘটিত এ হত্যাকাণ্ডের সঙ্গে বাসা থেকে সোনার গহনা ও নগদ টাকা লুট করা হয় বলে জানায় পরিবার। মাত্র দুদিনের মধ্যেই ক্লুলেস এ হত্যা মামলার রহস্য উদঘাটন করে দুইজনকে গ্রেফতার করেছে তুরাগ থানা পুলিশ। গ্রেফতাররা হলেন- নূরে আলম বাঘ (৪৭) ও মো. রাসেল মাদব্বর ওরফে রাসেল ইসলাম জনি (২৫)। এ সময় এক জোড়া সোনার চুড়ি, একটি সোনার চেইন, একটি পিতলের নাকফুল এবং হত্যাকাণ্ডে ব্যবহৃত স্কচটেপ ও ভাঙা চশমা উদ্ধার করে পুলিশ। বুধবার (৪ মার্চ) রাতে এসব তথ্য জানান ডিএমপির উপ-পুলিশ কমিশনার (ডিসি) মুহাম্মদ তালেবুর রহমান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে খাদ্যপণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে ৫ লাখ টাকা জরিমানা

চট্টগ্রামে মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর পরিবেশে খাদ্যপণ্য উৎপাদনের অভিযোগে একটি প্রতিষ্ঠানকে ৫ লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। বুধবার (৪ মার্চ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উদ্যোগে নগরীর কালুরঘাট বিসিক শিল্প নগরীর প্রতিষ্ঠানটির কারখানায় অভিযান চলে। অভিযানে নেতৃত্ব দেন নির্বাহী ম্যাজিস্ট্রেট মাসুমা আক্তার কণা। চট্টগ্রাম জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা ফারহান ইসলাম বলেন, মানবস্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর পরিবেশে খাদ্যদ্রব্য উৎপাদন, বিশেষ করে স্যাঁতসেঁতে-তৈলাক্ত ফ্লোর ও নোংরা টাইলস, টমেটোর সস প্রস্তুতের গরম পাল্প মিশ্রণ, ননফুড গ্রেড প্লাস্টিকের ড্রামে সংরক্ষণ, তেলাপোকা-ছারপোকার প্রাদুর্ভাব, খাদ্যকর্মীদের যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ না করা, নির্ধারিত প্রক্রিয়া ব্যতিরেকে অসম্পূর্ণ লেবেলিং এবং বিএসটিআইয়ের লাইসেন্স গ্রহণ ছাড়া লোগো ব্যবহারসহ নানা অপরাধে ওই প্রতিষ্ঠানের মালিককে নিরাপদ খাদ্য আইনে ৫ লাখ টাকা জরিমানা আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

## শেখ হাসিনাকে ফেরাতে উদ্যোগ নেওয়া হবে: চিফ প্রসিকিউটর

জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের দায়ে একটি মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে আনতে যথাযথ উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। বুধবার (৪ মার্চ) সাংবাদিকদের প্রশ্নের জবাবে ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম এ কথা বলেন। শেখ হাসিনাকে ফেরানোর উদ্যোগ নিয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণে সাংবাদিকের এক প্রশ্নের জবাবে আমিনুল বলেন, 'আমরা উদ্যোগ নেব। তাকে আনার জন্য আমরা যথাযথ উদ্যোগ নেব।' চিফ প্রসিকিউটর জানান, শেখ হাসিনা ভারতে আছেন বলে তারা জানেন। তিনি দোষী সাব্যস্ত হয়েছেন। তাকে ফেরত আনাটা আইনগত ব্যাপার। নিশ্চয়ই এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ তারা নেবেন। প্রসিকিউশনতো আগে উদ্যোগ নিয়েছে। সেটার অগ্রগতি কত দূর? এমন প্রশ্নের জবাবে আমিনুল ইসলাম বলেন, সেটা তিনি এখনো জানেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৩.২০২৬ রিহাব)

# BBC

## US SINKS IRANIAN WARSHIP WITH TORPEDO IN INDIAN OCEAN: HEGSETH

US Defence Secretary Pete Hegseth says that in the Indian Ocean, the US sank "an Iranian warship that thought it was safe in international waters". "Instead it was sunk by a torpedo," he says. Hegseth did not name the Iranian ship that was attacked. But earlier the Sri Lankan navy reported the IRIS Dena went down in the Indian Ocean, with around 140 people on board missing. (BBC News Web Page: 04/03/26, FARUK)

## STATE FUNERAL FOR KHAMENEI POSTPONED - IRAN STATE MEDIA

The state funeral for Iran's Supreme Leader Ayatollah Ali Khamenei's has been postponed, according to reports in Iranian state media. The three-day funeral was due to begin later on Wednesday, with images on social media that showed preparations to get everything in place. However, reports suggest that organizers have said that the ceremony will be postponed until there is infrastructure in place. No date for when the ceremony will take place has been announced. (BBC News Web Page: 04/03/26, FARUK)

## ISRAEL ORDERS CIVILIANS TO IMMEDIATELY LEAVE SOUTHERN LEBANON AHEAD OF 'MILITARY ACTION'

The Israel Defence Forces (IDF) has told civilians living south of Lebanon's Litani river to head north of the river immediately ahead of "military action" against Hezbollah in the area. "For your own protection, you must vacate your homes immediately," warns the IDF. In a statement, it says anyone located near "Hezbollah operatives, facilities, or weapon is putting their life at risk". "Any building or home utilized by Hezbollah for military purposes is a legitimate target and may be engaged," the statement says. (BBC News Web Page: 04/03/26, FARUK)

## NATO AIR DEFENCES SHOOT DOWN IRANIAN MISSILE HEADING TO TURKEY

Nato air defences have destroyed an Iranian missile heading towards Turkish airspace, according to Turkey's defence ministry. In a statement, originally in Turkish, the defence ministry says there are no casualties or injuries. It says the missile was "detected passing through Iraqi and Syrian airspace and heading towards Turkish airspace". "We warn all parties to refrain from taking any steps that could cause the conflict to spread further in the region," the statement from Turkey, a member of Nato says. (BBC News Web Page: 04/03/26, FARUK)

**AROUND 140 PEOPLE MISSING AFTER IRANIAN NAVY SHIP SINKS OFF COAST OF SRI LANKA**

Around 140 people are thought to be missing as Sri Lanka's navy has confirmed that it's rescued 32 people after it received a distress call from Iranian navy ship 'IRIS Dena' early this morning. The cause is currently unknown. Earlier the secretary of the Sri Lanka's defence ministry Air Vice Marshal Sampath Thuiyakontha told BBC's Sinhala that around 140 people are thought to be missing. So far, Sri Lanka's military has not been able to confirm what might have caused the ship to sink. (BBC News Web Page: 04/03/26, FARUK)

**ATTEMPTED DRONE ATTACK ON MAJOR SAUDI OIL REFINERY**

There has been an attempted drone attack on a major oil refinery in Saudi Arabia, the Saudi defence ministry says. The attack was attempted on Ras Tanura oil refinery - thought to be the biggest in Saudi Arabia. "Initial estimates indicate that the attack was carried out by a drone and did not result in any damage," the defence ministry says. The refinery was previously hit by an Iranian attack - as the satellite image below, taken on Monday, shows. (BBC News Web Page: 04/03/26, FARUK)

**ISRAELI ATTACKS ON LEBANON KILL 11, STRIKING HOTEL, RESIDENTIAL AREAS**

Israeli strikes have hit a hotel in a Beirut suburb and a residential complex in eastern Lebanon, killing at least 11 people, as Israel's military issued more forced displacement orders across the country and advanced farther into Lebanese territory. Israeli forces on Wednesday bombed the Comfort Hotel on the border of Hazmieh and Baabda, which are part of greater Beirut, Lebanese state media said. There were further attacks on Beirut's southern suburbs on Wednesday. Israel said it's targeting Hezbollah in the densely populated civilian area. (BBC News Web Page: 04/03/26, FARUK)

**MORE THAN 1,000 CIVILIANS KILLED IN IRAN: RIGHTS GROUP**

The US-based Human Rights Activists News Agency (HRANA) says 1,097 civilians have been reported killed in Iran since 28 February. Of those, 181 were children under the age of 10 years old, the agency says. The number of civilian injuries has reached 5,402, including 100 children, HRANA adds. It says there have been at least 104 attacks in the past 24 hours alone. They have hit military bases, medical centres and residential areas, HRANA says. Hundreds more reported deaths are being reviewed.
(BBC News Web Page: 04/03/26, FARUK)

**SPAIN'S PEDRO SANCHEZ HITS BACK AT TRUMP THREAT TO SEVER TRADE SAYING 'NO TO WAR'**

Spanish Prime Minister Pedro Sanchez has delivered a strong rebuttal to US President Donald Trump's threat to end trade with Spain by restating his opposition to war and what he called the "breakdown of international law". In a 10-minute televised address, Sanchez reflected on the wars in Ukraine and Gaza as well as the Iraq War more than 20 years ago and said the Spanish government's position was "no to war". Trump threatened to impose a full trade embargo on Spain in response to Madrid's refusal to allow the US to use the jointly-run bases at Moron and Rotafor for strikes on Iran . "Spain has been terrible," Trump said during a meeting with German Chancellor Friedrich Merz on Tuesday. (BBC News Web Page: 04/03/26, FARUK)

**US AND ECUADOR FORCES LAUNCH OPERATION TO FIGHT DRUG TRAFFICKING**

Ecuadorian and US forces have launched operations against what it said we're designated terrorist organizations in the South American country, the US military's Southern Command said on Tuesday. The Southern Command said the action was aimed at tackling illicit drug trafficking, but did not provide more details in a statement on X. The announcement comes a day after Ecuador's President Daniel Noboa said the US was among "regional allies" taking part in a "new phase" of Ecuador's war on the drug cartels. Noboa says around 70% of the

world's cocaine now flows through Ecuador's huge ports, making it a lucrative location for drug-trafficking gangs. (BBC News Web Page: 04/03/26, FARUK)

**FIRST US SOLDIERS TO DIE IN IRAN CONFLICT ARE IDENTIFIED**

The American military has named its first troops killed in the conflict between the US and Iran. Six soldiers died when an "unmanned aircraft system" evaded air defences to hit a command centre in Port Shuaiba, Kuwait, on Sunday. US Central Command initially said three soldiers died in the attack, but officials confirmed on Monday the death toll had doubled, after one person succumbed to injuries and two more bodies were found in the rubble. These six are the only fatalities confirmed by the US military since it launched a new war against Iran with Israel. (BBC News Web Page: 04/03/26, FARUK)

# :: The End ::